

## সুইজারল্যান্ডে নিকাব পরলে প্রায় এক লাখ টাকা জরিমানা হবে

সারে-জমিন



শান্ত বাংলাকে অশান্ত করে তুলছে বিজেপি: অভিষেক

রূপসী বাংলা



ক্ষমতা আঁকড়ে থাকা নেতারা কেন ক্ষমতা হারাচ্ছেন

সম্পাদকীয়



মালদায় গুলিবিদ্ধ কাউন্সিলর, দেখতে গেলেন ফিরহাদ

সাধারণ


# আপনজন

APONZONE
Bengali Daily

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

শুক্রবার
৩ জানুয়ারি, ২০২৫
১৮ পৌষ ১৪৩১
১ রজব ১৪৪৬ হিজরি
সম্পাদক
জাইদুল হক




## সিডনি টেস্টে নিজেকেই বাদ দিলেন অধিনায়ক রোহিত!

খেলতে খেলতে


Vol.: 20 ■ Issue: 3 ■ Daily APONZONE ■ 3 January 2025 ■ Friday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 6 ■ www.aponzonepatrika.com/epaper.php ■ aponzone@gmail.com


# বিএসএফ সহ রাজ্যের মন্ত্রী ও আমলাদের কঠোর সমালোচনা মুখ্যমন্ত্রীর

**আপনজন ডেস্ক:** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রশাসনিক বৈঠকে বিএসএফের বিরুদ্ধে বাংলাদেশ থেকে অনুপ্রবেশকারীদের অনুমতি দিয়ে রাজ্যে অশান্তি সৃষ্টির অভিযোগ তোলার সঙ্গে সঙ্গে রাজ্য প্রশাসনের বিভিন্ন বিভাগ নিয়েও ক্ষোভ প্রকাশ করেছেন।

একটি দক্ষ প্রশাসনের কী করা উচিত তার এবিসি ফরমুলায় বর্ননা করেন। নবান্নে অনুষ্ঠিত এই প্রশাসনিক বৈঠকে মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, এ থেকে এড়ানো, ব্লকের বদলে বি, সি কী বলব, বিভ্রান্তি তৈরি করা, ধ্বংসের জন্য ডি অফিসারদের একাংশ সেটাই করছেন। তাই তিনি বলেন, সক্রিয় হোন, সাহসী হোন, সৃজনশীল হোন, উন্নয়নের জন্য কাজ করুন, উদ্যমী হোন, আর্থিক বিষয়গুলি মাথায় রাখুন।

মমতা জেলা এবং কলকাতার আধিকারিকদের তাদের এলাকায় কী ঘটছে তার উপর নজর না রাখার জন্য তিরস্কার করেন।

বৃহস্পতিবার সকালে মালদহ জেলায় অজ্ঞাতপরিচয় দুষ্কৃতীদের গুলিতে নিহত তৃণমূল কংগ্রেসের কাউন্সিলর দুলাল সরকারের খুনের কথাও উল্লেখ করেন তিনি।

সীমান্তের ওপার থেকে গুন্ডারা এসে এখানে মানুষ খুন করছে।



তৃণমূল কংগ্রেস বা পুলিশ সীমান্ত পাহারা দেয় না। বিএসএফ করছে। কেন্দ্রের সঙ্গে যোগসাজশ করে সীমান্তের ওপারের লোকজনকে ঢুকতে দিচ্ছে তারা।

মমতা বলেন, সীমান্তে যা হচ্ছে, তার জন্য তৃণমূল কংগ্রেসকে দোষারোপ করবেন না। তিনি বলেন, আমরা গ্রাম থেকে তথ্য পাই। জেলা প্রশাসনের তরফে কোনও তথ্য দেওয়া হয় না।

মমতা জানতে চান, শেষ কবে সরকারি আধিকারিকরা মিড-ডে মিল এবং অন্যান্য সরকারি প্রকল্প খতিয়ে দেখেছেন? ভোটার তালিকা সংশোধনের জন্য ব্লক কর্মকর্তাদের নির্দেশ দেওয়া হয়েছিল। তারা কি কিছু করেছে? ওরা কাজ করে না, আমাদের ও জনগণকে সমস্যার সম্মুখীন হতে হয়।

এক ঘণ্টারও বেশি সময় ধরে চলা এই বৈঠকে মুখ্যমন্ত্রী বেশিরভাগ দফতরের আধিকারিকদের টেনে তোলেন। ডিজিপি রাজীব কুমারকে বলেন, রাজীব, ডিআইবির (জেলা গোয়েন্দা শাখা) ব্যাপারে তোমাকে কড়া পদক্ষেপ নিতে হবে। তারা কিছুই করে না। তারা কোনো তথ্য রাখে না, কোনো তথ্য দেয় না।

তিনি বলেন, 'পুলিশ বিভাগে অনেক পক্ষপাতিত্ব রয়েছে। লবি কাজ করে। পুলিশ সুপাররা নিজেদের মতো করে চক্র তৈরি করেন। তারা চায় তাদের কাছের মানুষেরা পদোন্নতি পাক। এটা চলতে পারে না। মমতা বলেন, প্রভাত মিশ্র (রাজ্যের অর্থ সচিব) ভদ্রলোক, কিন্তু আপনাকে দক্ষ হতে হবে। দু-একজন অফিসার ছাড়া বাকিরা (অর্থ বিভাগের) বাম রাজনীতি নিয়ে আলোচনা করেন। ওরা [বিভাগটি] পরিণত করেছে আলিমুদ্দিন স্ট্রিটে। এটা সভা-সমাবেশ নিয়ে আলোচনার জায়গা নয়।

মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী কিছু রুটের ফ্রিকোয়েন্সি বাড়ানো হয়েছে বলে উত্তর দেওয়ার চেষ্টা করলে মমতা মন্ত্রীকে চুপ করিয়ে দেন। মমতা বলেন,কাজের ফাঁকে গোটা শহর ঘুরে দেখুন, হাসপাতালে যান, দেখুন কী হচ্ছে।সন্ধে ৬টার পর মা উড়ালপুলে যান চলাচলের অনুমতি নেই। মুখ্যমন্ত্রীর প্রশ্ন, জরুরি প্রয়োজনে মানুষ রাতে যাতায়াত করবেন কী করে? এরপর রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর পালা।

স্কুলগুলিতে সেমেস্টার পদ্ধতি চালু করার সিদ্ধান্ত নিয়ে মমতা বলেন, যদি কোনও নীতিগত সিদ্ধান্ত হয়, দয়া করে আমাদের সাথে পরামর্শ করুন। আমি জানতাম না। মুখ্যসচিব জানতেন না। আমি মিডিয়া থেকে জানতে পেরেছি। মুখ্য সচিবের সম্মতি ছাড়া এটি কার্যকর করা হবে না।

প্রথম নজর

## সম্ভল জামা মসজিদের সার্ভে রিপোর্ট জমা পড়ল চন্দৌসি কোর্টে

**আপনজন ডেস্ক:** বৃহস্পতিবার সম্ভল জামা মসজিদ নিয়ে সমীক্ষা রিপোর্ট চন্দৌসি আদালতে জমা করলেন কোর্ট কমিশনার।

গত ১৯ নভেম্বর স্থানীয় আদালত মসজিদ পরিদর্শনের নির্দেশ দেওয়ার পর থেকে সম্ভালে উত্তেজনা চরমে ওঠে।


আদালতের নির্দেশে জামা মসজিদের জরিপকে কেন্দ্র করে বিক্ষোভকারী ও পুলিশের মধ্যে সংঘর্ষে চারজনের মৃত্যু হয়।

গত ৩০ ডিসেম্বর সমাজবাদী পার্টির একটি প্রতিনিধি দল সম্ভলে গিয়ে ২৪ নভেম্বর সম্ভলে সংঘটিত হিংসায় নিহতদের পরিবারের হাতে ৫ লক্ষ টাকার চেক তুলে দেয়।

এর আগে সম্ভলের অতিরিক্ত পুলিশ সুপার (এএসপি) শ্রীশ চন্দ্র জানিয়েছিলেন, সম্ভল জেলার জামা মসজিদ এলাকার কাছে হিংসার ঘটনায় মোট ৫০ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

সংবাদ সংস্থা এএনআই-কে এএসপি জানিয়েছেন, এই ঘটনায় অভিযুক্ত একজনকে দিল্লির বাটলা হাউস থেকে গ্রেফতার করা হয়েছে।

সম্ভলে হিংসার ঘটনার পর এখনও পর্যন্ত ৫০ জনকে গ্রেফতার করা হয়েছে। সিসিটিভি ফুটেজ দেখে আদনান নামে এক ব্যক্তিকে চিহ্নিত করে দিল্লির বাটলা হাউস থেকে গ্রেফতার করে



জেলে পাঠানো হয়। এ ঘটনায় ওই ব্যক্তি ও তার সঙ্গীরা জড়িত বলে জানান তিনি।

এএসপি বলেন, তাদের পেছনে কারা ছিল সে সম্পর্কে তথ্য সংগ্রহ করা হচ্ছে এবং যারা তাদের আশ্রয় দিয়েছে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে।

সম্ভলের হিংসা জননিরাপত্তা নিয়ে উদ্বেগ তৈরি করেছে, কর্তৃপক্ষকে নিরাপত্তা জোরদার করতে প্ররোচিত করেছে। পলাতক আসামিদের খুঁজে বের করতে স্থানীয় পুলিশের টিম অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে সমন্বয় করে কাজ করছে।

স্থানীয় আদালতে দায়ের করা একটি পিটিশনের ভিত্তিতে এএসআই এই সমীক্ষা চালায়, যেখানে হিন্দু পক্ষের তরফে দাবি করা হয় যে মসজিদের জায়গাটিতে মূলত একটি হরিহর মন্দির ছিল। ২৪ নভেম্বর এএসআইয়ের মুঘল আমলের মসজিদটি পরীক্ষা করার সময় একটি পাথর ছোড়ার ঘটনা ঘটে, যার ফলে চারজন নিহত হয় এবং কর্মকর্তা ও স্থানীয়সহ বেশ কয়েকজন আহত হন।

## ডায়মন্ডহারবারের ৭টি বিধানসভা কেন্দ্রে প্রতি মাসে ১০টি স্বাস্থ্যশিবির করবেন অভিষেক

নকিব উদ্দিন গাজী ও আসিফা লস্কর ● ডায়মন্ডহারবার

**আপনজন:** ডায়মন্ডহারবার থেকে বৃহস্পতিবার সেবাশ্রয় প্রকল্পের উদ্বোধন করলেন ডায়মন্ডহারবারের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়।

আমতলায় চিকিৎসকদের সম্মেলন থেকে ডায়মন্ডহারবার লোকসভা কেন্দ্রের সংসদ তথা সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ঘোষণা করেছিলেন নতুন বছরে ডায়মন্ডহারবার লোকসভা কেন্দ্রের বাসিন্দাদের জন্য বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা শিবির করা হবে এই প্রকল্পের নাম সেবাশ্রয় প্রকল্প। পূর্ব সেই নির্ধারিত ঘোষণা অনুযায়ী বৃহস্পতিবার সকালে ডায়মন্ডহারবার বিধানসভা কেন্দ্রের এসডি ও গ্রাউন্ডের মাঠে সেবাশ্রয় প্রকল্পে এসে সশরীরে ঘুরে দেখলেন ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রের সংসদ তথা সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়।

ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্র আবারও মডেল লোকসভা কেন্দ্র হিসেবে রাজ্য তথা দেশের সুপরিচিত লাভ করল। ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রের অন্যতম উন্নয়ন কান্ডারী অভিষেক বন্দ্যোপাধ্যায়। ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রর মোট সাতটি



বিধানসভায় এই সেবাশ্রয় প্রকল্প চলবে। মোট ৭৫ দিন ধরে চলবে এই প্রকল্প। সেই কর্মযজ্ঞের সূচনা হতে চলেছে ডায়মন্ড হারবার বিধানসভা কেন্দ্র থেকে।

'সেবাশ্রয়' শিরোনামে এই কর্মসূচির প্রথম পর্বে ডায়মন্ড হারবার বিধানসভা কেন্দ্রের ৪১টি জায়গায় এই হেলথ ক্যাম্প হচ্ছে।

পরবর্তীকালে ধাপে ধাপে ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রের অন্তর্গত বাকি ছ'টি বিধানসভা কেন্দ্রেও এই ক্যাম্প করা হবে।

প্রতিটি বিধানসভায় মাসে ১০ দিন করে স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হবে। প্রতিটি ক্যাম্পে অন্তত দু'জন বিশেষজ্ঞ ডাক্তার থাকবেন। প্রায় ১৩০০ডাক্তার এই কর্মসূচির জন্য কাজ করবেন। দফায় দফায় তাঁরা বিভিন্ন ক্যাম্পে থাকবেন। কোনও রোগীকে চিকিৎসকরা মনে করলে নিকটবর্তী হাসপাতালে রেফার করবেন। রক্ত পরীক্ষা, পোর্টেবল ইসিজি পরিষেবা-সহ একাধিক চিকিৎসা পরিষেবা দেওয়া হবে এই ক্যাম্পগুলিতে। চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী বিনামূল্যে ওষুধ পাওয়া যাবে।


বজবজ ইনস্টিটিউট অফ নার্সিং
চণ্ডীপুর মোড় ■ বিড়লাপুর রোড ■ কলকাতা-৭০০১৩৭
https://bbinursing.com
Project of Amanat Foundation
ছেলেদের জন্য

আশশিফা ইনস্টিটিউট অফ নার্সিং
সহরার হাট ■ ফলতা ■ দক্ষিণ ২৪ পরগনা
https://ashsheefahospital.com
Project of AshSheefa Group
মেয়েদের জন্য

স্কলারশিপ, স্টুডেন্ট ক্রেডিট কার্ডে সহায়তা

- অভিজ্ঞ প্রফেসর ডাক্তার দ্বারা পরিচালিত।
- আধুনিক সুসজ্জিত ল্যাবরেটরি, লাইব্রেরি।
- ১০০+ বেডের নিজস্ব হাসপাতালে এবং অতিরিক্ত আরও ২ টি ১০০+ বেডের হাসপাতালে প্রশিক্ষনের ব্যবস্থা।
- মেয়েদের জন্য হসপিটাল ক্যাম্পাসে নার্সিং স্কুল ও হোস্টেল এর সুযোগ।
- ছেলেদের পৃথক হোস্টেল।
- ভর্তির যোগ্যতা: সায়েন্স/আর্টস/কমার্স) যেকোনও শাখায় HS এ40% মার্কস।

HSপাস ছেলে ও মেয়েদের জন্য নার্সিং এর অ্যাডমিশন শুরু হয়ে গেছে

GNM (3Years) কোর্সে সরাসরি ভর্তি চলছে

ওয়েস্ট বেঙ্গল ও ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল অনুমোদিত

কোর্স ফিজঃ
ছেলেদের- 3 লাখ | মেয়েদের- 2.5 লাখ

ডাঃ ফারুক উদ্দিন পুরকাইত
(Director) MBBS, MD, Dip. Card



মুহাম্মদ শাহ আলম, চেয়ারম্যান
ডঃ মোশারফ হোসেন, ভাইস-চেয়ারম্যান
ডাঃ সুনন্দ জানা, সি.ঈ.ও.

যোগাযোগ
6295 122937 (D)
93301 26912 (O)

## প্রথম নজর

# পার্ক সার্কাসে মিলন মেলার উদ্বোধন আজ



**ফারুক আহমেদ ● কলকাতা**

**আপনজন:** প্রতি বছরের ন্যায় এবছরেও পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্তনিগম মিলন উৎসবের আয়োজন করেছে, যার আনুষ্ঠানিক উদ্বোধন হবে আজ শুক্রবার। পার্ক সার্কাস ময়দানে আয়োজিত এই মিলন উৎসব চলবে ৭ জানুয়ারি ২০২৫ পর্যন্ত। বৈচিত্রের মাঝে এই মহামিলন উৎসবের সূচনা করবেন রাজ্যের মন্ত্রী এবং কলকাতা পৌরসভার মেয়র, ফিরহাদ হাকিম। বিশেষ অতিথি মন্ত্রী জাভেদ আহমেদ খান, ব্রাত্য বসু, পুলক রায়, সিদ্দিকুল্লাহ চৌধুরী, মন্ত্রী সাবিনা ইয়াসমিন, বাবুল সুপ্রিয়, সাংসদ নাদিমুল হক ও প্রাক্তন সাংসদ আহমদ হাসান ইমরান। এছাড়াও উপস্থিত থাকবেন মন্ত্রী জনাব মহম্মদ গুলাম রব্বানী, তাজমুল হোসেন, পশ্চিমবঙ্গ সরকারের সচিব ড. পি বি সেলিম, সংখ্যালগু উন্নয়ন ও বিত্ত নিগমের এমডি মাকিল আহমেদ প্রমুখ।

এবারে মিলনমেলায় জোর দেওয়া হয়েছে কেরিয়ার কাউন্সেলিংয়ের উপর।

# নদিয়ায় বাস উল্টে গিয়ে জখম ১৭ জন



**আলফাজুর রহমান ● তেহট্ট**

**আপনজন:** বাস উল্টে গিয়ে জখম ১৭ জন। তার মধ্যে অধিকাংশই কলেজ পড়ুয়া ও মহিলা। ঘটনায় এখনও আতঙ্কে কলেজ ছাত্রী থেকে জখম মহিলারা।

বৃহস্পতিবার সকালে ঘটনাটি ঘটেছে কৃষ্ণনগর করিমপুর রাজ্য সড়কের চাপড়া থানার বড় আন্দুলিয়া যেতে পেট্রোল পাম্পের কাছে। জখমদের অধিকাংশকেই তেহট্ট মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, পলাশিপাড়া থেকে কৃষ্ণনগরগামী বাস বৃহস্পতিবার সকালে মালিয়াপোতা পেরিয়ে এগোতে থাকে, বাসে ছিল প্রায় পঁয়ত্রিশ জন। তারমধ্যে কলেজ পড়ুয়া ও মহিলাদের সংখ্যাটাই বেশি ছিল। জখমদের সাথে কথা বলে জানা গিয়েছে, শোনপুকুর পেরোনোর পর বড় আন্দুলিয়া পেট্রোল পাম্পের কাছে হঠাৎ করে ডান দিকে চলে গিয়ে নয়নাজুলিতে বাসটি উল্টে যায়। জানা গিয়েছে, স্থানীয়রা সেখানে ছুটে গিয়ে বাসের জানালা ভেঙে যাত্রীদের বার করে। কলেজ পড়ুয়ারা থেকে মহিলা যাত্রীরা আতঙ্কে কাঁপতে থাকে। কিছুক্ষণের মধ্যে তাদের তেহট্ট মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কয়েকজন স্থানীয় ডাক্তারের কাছে চিকিৎসা করাই। তেহট্ট মহকুমা হাসপাতালে আসে দশ জন। তাদের মধ্যে ছয়জন কলেজ ছাত্রী, দুজন মহিলা, একজন কিশোর।

# অপরাজিতা বেদিয়াকে রক্ত দিয়ে সম্প্রীতির নজির তরুণ হাবিবের



**সজিবুল ইসলাম ● ডোমকল**

**আপনজন:** দেশে যখন হিন্দু-মুসলিম নিয়ে রাজনৈতি শুরু হয়েছে ঠিক তখনই এক সম্প্রীতির ছবি ধরা পড়ল মুর্শিদাবাদের জলঙ্গি ব্লকের ফরিদপুর অঞ্চলে। বেশ কিছুদিন ধরে অপরাজিতা বেদিয়া নামের এক হিন্দু সম্প্রদায়ের মহিলার রক্তের প্রয়োজন হওয়ায়, রক্ত যোগানের অনেক চেষ্টা করার পরেও রক্তের জোগান না হওয়ায় অবশেষে ফরিদপুর অঞ্চলের জনকল্যাণ সেবা সংস্থার কোষাধ্যক্ষ হাবিব মণ্ডল নামের এক মুসলিম সম্প্রদায়ের যুবক স্বেচ্ছায় রক্ত দানের কথা জানান। সেইমতো এদিন ডোমকল মহকুমা হাসপাতালে গিয়ে ওই মহিলাকে রক্ত দিয়ে তার প্রাণ বাঁচাল।

রক্ত দিয়ে হাবিব বলেন বর্তমানে ভারতবর্ষে যেভাবে সাম্প্রদায়িক বিভাজনের চেষ্টা চলছে। সম্প্রীতির বার্তা দিতেই আমার এই উদ্যোগ। আমরা হিন্দু মুসলমান একে অপরের ভাই ভাই তাই ধর্মটা আগে নয় মানবধর্মটাই আমাদের কাছে আগে।

হাবিবের এই উদ্যোগে সাধুবাদ জানিয়েছেন এলাকার বিশিষ্ট মহল থেকে সাধারণ মানুষ। পেয়েছে সংবর্ধনা, ফরিদপুর অঞ্চলের জনকল্যাণ সেবা সংস্থার উদ্যোগে প্রধানের উপস্থিতিতে হাবিবকে সংবর্ধনা জানানো হয়।

এ বিষয়ে ফরিদপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান শাকিলা বেগম জানান, এটাই আমাদের ভারত বর্ষ, এটাই আমাদের বাংলা। এখানে মানব ধর্মই আগে প্রাধান্য পায়। তাই ধর্ম দেখে মানুষের সাহায্য করাটা ঠিক নয়। মানুষের আপদ বিপদে একে অপরে সাহায্যের হাত বাড়িয়ে দেয়াটাই হচ্ছে মূল কর্তব্য।

তবে রোগীর পরিবার রক্ত পেয়ে খুশি হয়ে তিনারা জানান রক্তের কোন ধর্ম হয় না কোন জাত হয় না। এইভাবেই মানুষ মানুষের সমস্যায় পাশে দাঁড়াবে সেই কামনা করি বলে রোগীর পরিবার।

# বই দিবসে পড়ুয়াদেরকে নতুন বই দিলেন জেলা প্রাথমিক সংসদ সভাপতি



**অমরজিৎ সিংহ রায় ● বালুরঘাট**

**আপনজন:** গোটা রাজ্যের সাথে ২ জানুয়ারি দিনটিকে বই দিবস হিসেবে পালন করলো দক্ষিণ দিনাজপুর জেলার বিভিন্ন বিদ্যালয় গুলি। নতুন বছরে নতুন ক্লাস। সঙ্গে বাড়তি পাওনা নতুন বই। তাই বছরের শুরুতে হাতে নতুন বই পেয়ে বেজায় খুশি পড়ুয়ারা। জানা গিয়েছে, প্রতিবছরের মতো ২০২৫ শিক্ষাবর্ষের শুরুতে ২ জানুয়ারি দিনটিতে সংরক্ষিত বই দিবস হিসেবে পালনের জন্য জেলা শিক্ষা দফতর থেকে দেওয়া হয়েছিল নির্দেশিকা। বিনামুল্যের সরকারী বইগুলি এই দিনই বিদ্যালয় থেকে ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরন করা হবে বলে জানান হয়েছিল বিদ্যালয় গুলিকে। সেইমত বই দিবসে জেলার বিভিন্ন সরকারি ও সরকারী সাহায্য প্রাপ্ত প্রাথমিক ও হাই-স্কুলের পড়ুয়াদের হাতে বই তুলে দেওয়া হয়। তবে শুধু বই দিবস নয় 'স্টুডেন্ট উইক' এর অংশ হিসেবে পড়ুয়াদের বাড়তি পাওনা হিসেবে দেওয়া হয় 'গ্রাজুয়েশন সার্টিফিকেট'।

এদিন বালুরঘাট পশ্চিম চক্রের অন্তর্গত খাসপুর নিম্ন বুনিয়াদী বিদ্যালয় ও দুর্লভপুর প্রাথমিক বিদ্যালয়ে সরে জমিনে গিয়ে লক্ষ্য করা গেল, দক্ষিণ দিনাজপুর জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ সভাপতি সন্তোষ হাঁসদা'র উপস্থিতিতে সেখানে চলছে 'পড়ুয়া সপ্তাহ' উপলক্ষে নতুন বই বিতরণ।

পড়ুয়াদের হাতে নতুন বই তুলে দেন স্বয়ং সংসদ সভাপতি। দক্ষিণ দিনাজপুর জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ সভাপতি সন্তোষ হাঁসদা ছাড়াও এদিনের এই পরিদর্শনে উপস্থিত ছিলেন সহকারি বিদ্যালয় পরিদর্শক সৌমিত্র সরকার, নিরেন মালাকার এবং সংশ্লিষ্ট চক্রের অবর বিদ্যালয় পরিদর্শক। এ বিষয়ে দক্ষিণ দিনাজপুর জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ সভাপতি সন্তোষ হাঁসদা জানান, 'আজ বালুরঘাট পশ্চিম চক্রের অন্তর্গত খাসপুর নিম্ন বুনিয়াদি বিদ্যালয় ও দুর্লভপুর প্রাথমিক বিদ্যালয়ে পরিদর্শনে এসেছিলাম। নতুন বই পড়ুয়াদের হাতে তুলে দেয়া হয়েছে। নতুন বই গুলিতে পড়ুয়াদের মলাট দেবার কথা বলেছি। শিক্ষক-শিক্ষিকাদের নতুন বছরে নতুন উদ্যমের সাথে পঠন-পাঠনের উপরে বিশেষ গুরুত্ব দেবার কথা বলা হয়েছে।'

# শান্ত বাংলাকে অশান্ত করে তুলছে বিজেপি: অভিষেক

**নকিব উদ্দিন গাজী ও বাইজিদ মণ্ডল ● ডায়মন্ডহারবার**



**আপনজন:** বৃহস্পতিবার ডায়মন্ড হারবারে সেবাশ্রয় কর্মসূচির উদ্বোধনে এসে সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক তথা ডায়মন্ডহারবার লোকসভা কেন্দ্রের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় এ রাজ্যে জঙ্গি প্রসঙ্গে এবার বিস্ফোরক দাবি করলেন, অভিষেক বলেন বিজেপি চক্রান্ত করে বাংলায় জঙ্গি ঢুকিয়েছে যাতে শান্ত বাংলাকে অশান্ত করা যায়।

অন্যদিকে তিনি বলেন রাজ্য পুলিশী জঙ্গিদেরকে গ্রেফতার করেছে ,কিন্তু জঙ্গিরা যেখান থেকে ঢোকে ,সেই বর্ডারের দায়িত্ব থাকে কেন্দ্রীয় সরকারের বর্ডার সিকিউরিটি ফোর্স তারা কি করছিল ,আসল তারা যে ব্যর্থ সে কথা কেউ বলে না। অন্যদিকে আরজিকর এর ইস্যু নিয়ে তিনি বলেন আরজিকর নিয়ে অনেকে অনেক লম্বা-চওড়া কথা বলেছিল কিন্তু আরজিকর কান্ডের যে মূল অভিযুক্ত সঞ্জয় তাকে ২৪ ঘন্টার মধ্যে এই রাজ্য পুলিশে গ্রেপ্তার করেছিল ছ মাস অতিক্রান্ত হয়ে গেলেও ইডি সিবিআই সেই কাজটাই করতে পারেনি এতদিন ধরে কি করেছে। রাজ্য পুলিশ যে কাজ ২৪ ঘন্টায় করে, কেন্দ্রীয় এজেন্সি ছয় মাসে সেই কাজ করতে পারে না। পাশাপাশি বিরোধীরা বারবার অভিযোগ তুলেছেন এ বাংলায় জঙ্গিদের হাব তৈরি হয়েছে সেই প্রশ্ন করেন সাংবাদিকরা। উত্তরে সংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন, পশ্চিমবঙ্গ জঙ্গিদের হাব নয়, শিক্ষা সংস্কৃতি স্বাস্থ্যের হাফ হয়ে উঠছে আর যা, উন্নয়নের হাব হয়েছে,গোটা ভারতবর্ষের মধ্যে দৃষ্টান্ত স্থাপন করছে এই বাংলা, অন্য রাজ্য তা ফলো করছে, বিরোধীদের কাজ বাংলা সম্বন্ধে কুৎসা রটানো অন্যদিকে তিনি বলেন পশ্চিমবঙ্গ কেন আসাম, ত্রিপুরা থেকে জঙ্গিরা ধরা পড়ছে সেখানে তো আর তৃণমূল পরিচালিত সরকার নেই বিজেপি পরিচালিত সরকার তাহলে সেখান থেকে জঙ্গি কেন ধরা পড়ছে। কোথা থেকে আসছে জঙ্গিগুলো কেন্দ্রের বিরুদ্ধে প্রশ্ন তুলেছেন অভিষেক। অন্যদিকে বাংলাদেশ প্রসঙ্গ নিয়েও মুখ হলেন অভিষেক বন্দ্যোপাধ্যায় তিনি বলেন বাংলাদেশের যে নৈরাজ্য হচ্ছে তা কোনভাবেই মেনে নেওয়া যায় না যে দেশে শাসন ব্যবস্থা পক্ষপাত নেয় আইন-শৃঙ্খলা কে তোয়াক্কা করে না আইনকে মান্যতা দেয় না সেই দেশের পতন অবশ্যম্ভাবী। বাংলাদেশ প্রসঙ্গ নিয়েও কেন্দ্রীয় সরকারকে কাঠগড়ায় তোলেন অভিষেক। সামনে যেহেতু কোন ইলেকশন নেই তাই কেন্দ্রীয় সরকার বাংলাদেশ নিয়ে কোন হেল্দোল দেখাচ্ছে না। অবিলম্বে কেন্দ্রীয় সরকারকে পদক্ষেপ নেওয়া দরকার। যে সরকার ধর্মীয় মেরুকরণের রাজনীতি করে যারা সিএ এনআরসি নিয়ে সুর চড়িয়ে বলেছিল সমস্ত হিন্দুদের সুরক্ষা দেওয়ার দায়িত্ব বিজেপির তারা কেন প্রতিবাদ সভা করছে না। পাশাপাশি কেন্দ্রের বঞ্চনার কথাও তিনি উল্লেখ করেন ১০০ দিনের কাজ আবাস যোজনা সহ বিভিন্ন প্রকল্পের অর্থ দিচ্ছে না উন্নয়নের হাতে টাকা বরাদ্দ করছে না কেবল ধর্মীয় মেরুকরণের রাজনীতি করে যাচ্ছে। কেন্দ্রে না দিলেও এ রাজ্যের উন্নয়ন হবে তাই একের পর এক উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যেভাবে উন্নয়ন করছে তা আগামী দিনের আরো উন্নয়নের লক্ষ্যে আমাদের পৌঁছাতে হবে।

# পথ দুর্ঘটনায় যুবকের মৃত্যু, ক্ষোভে ফেটে পড়ল স্থানীয়রা



**মোহাম্মদ জাকারিয়া ● করণদিঘী**

**আপনজন:** উত্তর দিনাজপুর জেলার করণদিঘী থানার দোমহনা গ্রাম পঞ্চায়েতের বুড়িহান রাজ্য সড়কে মর্মান্তিক পথ দুর্ঘটনায় প্রাণ হারালেন এক যুবক। মৃতের নাম আব্দুল বারিক (২৬), বাড়ি পূর্ব প্রসাদপুর গ্রামে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, একটি ছোট চার চাকার গাড়ি তাকে ধাক্কা মারে। গুরুতর আহত অবস্থায় তাকে রসাখোয়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হয়। সেখান থেকে আশঙ্কাজনক অবস্থায় রায়গঞ্জ মেডিক্যালে স্থানান্তরের পথে তার মৃত্যু হয়। এই ঘটনার পর ক্ষুব্ধ স্থানীয় বাসিন্দারা বুড়িহান রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান। তাদের অভিযোগ, রাস্তায় দ্রুতগতির গাড়ির কারণে এই ধরনের দুর্ঘটনা বেড়েই চলেছে। নিরাপত্তা ব্যবস্থার ঘাটতিতেই এমন দুঃখজনক ঘটনা ঘটছে বলে দাবি করেন তারা। বিক্ষোভকারীরা অবিলম্বে দ্রুতগতির গাড়ি নিয়ন্ত্রণ ও সড়ক নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানান। করণদিঘী থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং গাড়িটিকে আটক করেছে।

## ছড়িয়ে-ছিটিয়ে

# চপ কিনতে গিয়ে বচসা, বাড়িতে চড়াও



**সুভাষ চন্দ্র দাশ ● ক্যানিং**

**আপনজন:** চপ কিনতে গিয়ে বচসা।বাড়িতে চড়াও হয়ে মা ও ছেলেকে বেধড়ক মারধর করার অভিযোগ উঠলো প্রতিবেশীদের বিরুদ্ধে।বৃহস্পতিবার রাতে ঘটনাটি ঘটেছে বাসন্তীর লেবুখালি এলাকায়। গুরুতর জখম হয়েছেন মেহেবুব গাজী ও তার মা মঞ্জিলা গাজী।বর্তমানে জখমরা ক্যানিং মহকুমা হাসপাতালে চিকিৎসাদীন রয়েছে। স্থানীয় সুত্রে জানা গিয়ে এদিন রাতে পাড়ার দোকানে চপ কিনতে গিয়েছিল মেহেবুব। তার সাথে প্রতিবেশী এক মেয়ের সাথে বচসা হয়। অভিযোগ, এরপর মহিনুদ্দিন মোল্লা ও তার ছেলে মোনা মোল্লা'রা দলবল নিয়ে হাজীর হয় মোসলেম গাজীর বাড়িতে। অতর্কিতে চড়াও হয়। লাঠি দিয়ে বেধড়ক মারধর করা হয় মেহেবুব ও তার মা কে। ঘটনায় গুরুতর জখম হয় মেহেবুব। রক্তাক্ত অবস্থায় পরিবারের লোকজন তাকে উদ্ধার করে। চিকিৎসার জন্য বাসন্তী ব্লক হাসপাতালে নিয়ে যায়। শারীরিক অবস্থার অবনতি হলে রাতেই ক্যানিং মহকুমা হাসপাতালে স্থান্তান্তরিত করেন চিকিৎসকরা।

# ৯দফা দাবিতে রাজনগর ব্লক অফিসে ডেপুটেশন আদিবাসী অধিকার মঞ্চের

**সেখ রিয়াজুদ্দিন ● বীরভূম**




**আপনজন:** ৯ দফা দাবির পরিপ্রেক্ষিতে সিপিআইএম প্রভাবিত পশ্চিমবঙ্গ আদিবাসী অধিকার মঞ্চের তরফে বৃহস্পতিবার রাজনগর থানা ও ব্লক অফিসে ডেপুটেশন প্রদান করা হয়। ইতিপূর্বে আদিবাসী অধিকার মঞ্চের রাজনগর ব্লক কমিটির ডাকে সংগঠনের কর্মী-সমর্থকরা রাজনগর ডাকবাংলো মাঠে জমায়েত হন এবং সেখান থেকে সুসজ্জিত বর্ণাঢ্য মিছিল সহকারে রাজনগর বাজার সহ বিভিন্ন এলাকা পরিক্রমা শেষে রাজনগর থানায় স্মারকলিপি প্রদান করেন। পরবর্তীতে অনুরূপ ভাবে রাজনগর ব্লক অফিসের সামনে বিভিন্ন দাবি সম্বলিত শ্লোগান তুলে এলাকা মুখরিত করে তোলে।

তারপর সংগঠনের কয়েকজন প্রতিনিধি গিয়ে বিডিওকেও স্মারকলিপি প্রদান করেন। এদিন তাদের দাবি সমূহের মধ্যে ছিল যথাক্রমে -

জল-জমি-জঙ্গল- থেকে আদিবাসীদের উচ্ছেদ করা যাবে না । আদিবাসী সমস্ত গরিব মানুষদের আবাস যোজনার বাড়ি দিতে হবে। অবিলম্বে ১০০ দিনের কাজ চালু করতে হবে। স্থানীয় নদী থেকে অবৈধভাবে বালি উত্তোলন করা যাবে না । এরূপ ৯ দফা দাবির পরিপ্রেক্ষিতে এদিনের মিছিল ও ডেপুটেশন কর্মসূচি বলে সংগঠন সূত্রে জানা যায়। উপস্থিত ছিলেন সংগঠনের রাজ্য কমিটির সদস্য অশোক মুর্মু, জেলা কমিটির সদস্য রামু মার্ডি, রাজনগর ব্লক সম্পাদক বাবুদাস পাউরিয়া সহ অন্যান্য নেতৃবৃন্দ।

# রেলের অসহযোগিতার অভিযোগ, রেলপথ আটকে বিক্ষোভ স্থানীয়দের

**নিজস্ব প্রতিবেদক ● নদিয়া**



**আপনজন:** স্থানীয় মানুষের চলাচলের রাস্তা বন্ধ করে দেওয়ায় এক ঝাঁকে গোটা এলাকার মানুষের রেলপথ আটকে প্রতিবাদ বিক্ষোভ। রেললাইন থাকলেও নেই আন্ডার পাস, ফাঁকা জায়গা দিয়েই এপার ওপার যাতায়াত করতেন মানুষ, কিন্তু হঠাৎ করে রেলের সিদ্ধান্তে রেল লাইনের ধারের ফাঁকা জায়গা বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেই কর্তৃপক্ষ, এরই প্রতিবাদে বৃহস্পতিবার নদিয়ার কৃষ্ণনগরের দুর্গাপুর এলাকায় রেল রেলপথ আটকে বিক্ষোভ দেখাতে শুরু করে এলাকার শতাধিক মানুষ। জানা গেছে নদীয়ার শান্তিপুর থেকে কৃষ্ণনগর যেতে এই রেলপথ ব্যবহার হয়, কিন্তু নেই কোন রেলগেট।

স্থানীয়দের যাতায়াতের রাস্তা একটাই মাত্র। স্থানীয়রা রেল কতৃপক্ষকে দীর্ঘদিন দাবি করেছিলেন, একটি আন্ডারপাস করে দেওয়ার, কিন্তু তার গুরুত্ব দেয়নি রেল কর্তৃপক্ষ। উপরন্তু যাতায়াতের একমাত্র রাস্তা বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। রেলের এই সিদ্ধান্তের কথা জানতে পেরেই ক্ষোভে ফেটে পড়ে বসবাসকারীরা, এরপর প্রতিবাদের ঝড় তুলতে থাকে। তাদের মূলত একটাই দাবি, হয় আন্ডারপাস করে দেয়ার ব্যবস্থা করে দিতে হবে না হলে ওই ফাঁকা জায়গায় বসাতে হবে একটি রেলগেট। তবে এই প্রতিবাদী বিক্ষোভ চলতে থাকে বেশ কয়েক ঘন্টা।

বিক্ষোভকারীদের দাবি, যতক্ষণ না পর্যন্ত রেল কর্তৃপক্ষ তাদের দাবি মেনে নিচ্ছে ততক্ষণ পর্যন্ত এই বিক্ষোভ চালিয়ে যাবেন তারা। সূত্রের খবর এখনো পর্যন্ত রেল কর্তৃপক্ষের কোনো আধিকারিক ঘটনাস্থলে উপস্থিত হননি, আর সেই কারণে বিক্ষোভকারীদের মধ্যে আরো ক্ষোভ বাড়ছে।

# সুতির বিভিন্ন এলাকার বাসিন্দাদের হাতে কম্বল তুলে দিলেন জাকির



**রাজু আনসারী ● অরঙ্গাবাদ**

**আপনজন:** কনকনে হাড়কাঁপানো ঠান্ডার সময়ে অসহায় মানুষদের হাতে শীতবস্ত্র বিতরণ করল শিবম এডুকেশন এ্যান্ড সোশাল ওয়েলফেয়ার ট্রাস্ট এর পরিচালনায় ও জাকির হোসেনের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ করা হয়। বৃহস্পতিবার মুর্শিদাবাদের সুতি-২ ব্লকের অরঙ্গাবাদ বোরবোনা হাট সংলগ্ন এলাকায় এক অনুষ্ঠান করে প্রায় সাত হাজার গরিব দুস্থ অসহায় মানুষের হাতে শীতবস্ত্র ও প্রত্যেককে মিষ্টির প্যাকেট তুলে দেওয়া হয় সংস্থার পক্ষ থেকে। মূলত সুতি থানার বিভিন্ন এলাকার বাসিন্দাদের হাতে এই অনুষ্ঠানে শীতের কম্বল তুলে দেওয়া হয়।

এদিন শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিবম এডুকেশন এ্যান্ড সোশাল ওয়েলফেয়ার ট্রাস্ট এর কর্ণধর প্রাক্তন মন্ত্রী তথা জঙ্গিপুরের বিধায়ক জাকির হোসেন, জঙ্গিপুর পুলিশ জেলার জেলা সুপার আনন্দ রায়, ফারাক্কা এসডিপিও আমিনুল ইসলাম, জঙ্গিপুর পুলিশ জেলার সিআই সরুপ বিশ্বাস, সুতি থানার ওসি বিজন রায়, সমাজসেবী লতিবউদ্দিন বিশ্বাস সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গরা। কনকনে শীতের এই সময়ে অসহায় মানুষদের মাঝে শীতবস্ত্র বিতরন করায় শিবম এডুকেশন এ্যান্ড সোশাল ওয়েলফেয়ার ট্রাস্ট এর উদ্যোক্তাদের সাধুবাদ জানান সাধারন মানুষ। বিধায়ক জাকির হোসেন জানিয়েছেন বিগত ৩০ বছর ধরেই অসহায় মানুষদের পাশে দাঁড়িয়ে আসছে শিবম এডুকেশন এ্যান্ড সোশাল ওয়েলফেয়ার ট্রাস্ট। তিনি আরও বলেন জঙ্গিপুরে আমার মেডিকেল কলেজ হচ্ছে সেখানে অসহায় মানুষদের ফ্রি চিকিৎসা ও পাশে দাঁড়ানোরও বার্তা দিয়েছেন।

# নারায়ণপুর তৃণমূলের নতুন কার্যালয়ের উদ্বোধন হল




**হাসিবুর রহমান ● ঘুটিয়ারি**

**আপনজন:** দক্ষিণ ২৪ পরগনা জেলার ক্যানিং পূর্ব বিধানসভার নারায়ণপুর অঞ্চলের ধঘাটা মাঠে এদিন আনুষ্ঠানিকভাবে কয়েক হাজার মানুষের উপস্থিতিতে ফিতে কেটে কার্যালয় উদ্বোধন করলেন তৃণমূল কংগ্রেসের রাজ্যের সাধারণ সম্পাদক ও ক্যানিং পূর্বের বিধায়ক শওকাত মোল্লা ক্যানিং পশ্চিম এর বিধায়ক পরেশ রাম দাস।

উদ্বোধনের পরে শওকাত মোল্লা বলেন, শুভেন্দু অধিকারী সন্দেশখালিতে এসে ঘৃণামূলক বক্তব্য রেখে অশান্তি সৃষ্টি করার চেষ্টা করলেও বাংলার মানুষ এদের প্রশ্রয় দেবে না। প্রধান সালাউদ্দিন সরদার বলেন, মানুষের সহযোগিতা নিয়ে স্থায়ীভাবে আজ পার্টি অফিসের উদ্বোধন হল। উপস্থিত শোয়েব শেখ, সাদেক লস্কর ,বাবুলাল লস্কর, মিলন মন্ডল সহ নারায়নপুর অঞ্চলের পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির সদস্যগণ।

# জলপাইগুড়ির নবাবের ঐতিহাসিক রহমান হাউসের তত্ত্বাবধায়কের ইন্তেকাল

**সাদ্দাম হোসেন ● জলপাইগুড়ি**



**আপনজন:** না ফেরার দেশে জলপাইগুড়ি নবাবের ঐতিহাসিক রহমান হাউসের তত্ত্বাবধায়কের, শোকের ছায়া বিভিন্ন মহলে। বুধবার গভীর রাতে বয়স্ক জনিত সমস্যার কারণে ৮৯ বছর বয়েসে প্রয়াত হন মোহাম্মদ একরাম আনসারী। (ইন্না লিল্লাহি...)। একদিকে জলপাইগুড়ি শহর যেমন হারালো এক প্রবীণ অভিভাবকে এরই সঙ্গে সমাপ্ত হল নবাব রহিম বক্স এর আমলে স্থাপিত রহমান হাউসের একটি অধ্যায়।

কারন মৃতুর আগদিন পর্যন্ত মোহাম্মদ একরাম আনসারী ছিলেন নবাব দের উত্তরসূরিদের রেখে যাওয়া ঐতিহাসিক রহমান হাউসের তত্বাবধায়ক। পিতার মৃত্যু প্রসঙ্গে পুত্র পাপ্পু আনসারী বলেন, সুস্থ্য ছিলেন, হঠাৎ ঘরে পরে গিয়ে আহত হন, হার ভেঙে যায়। অপারেশন করানো হয় বেসরকারি হাসপাতালে। তারপরেও নিউমনিয়া সহ অন্যান্য বয়সজনিত কারনে বুধবার রাতে প্রয়াত হন। আনসারী সাহেবের প্রয়াণে জলপাইগুড়ির ইতিহাসের একটি অধ্যায়ের সমাপ্তি ঘটল বলে জানান উত্তরবঙ্গের বিশিষ্ট গবেষক এবং সাহিত্যিক উমেশ শর্মা। উমেশ বাবু বলেন,নবার দের নির্মিত রহমান হাউসের তত্বাবধায়ক শুধু ছিলেন না আনসারী সাহেব জলপাইগুড়ি জেলার বিভিন্ন ঐতিহাসিক ঘটনার সাক্ষী ছিলেন এই মানুষটি। তার প্রয়াণে জলপাইগুড়িবাসী একজন অভিভাবকের সঙ্গে নবাব আমলের সাক্ষ্য বহনকারী ব্যক্তিত্বকে হারাল।

# বাইকে ধাক্কা মেরে উল্টে গেল যাত্রী বোঝাই বাস


**সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া**



**আপনজন:** বাঁকুড়া জেলার বিষ্ণুপুর থানার বোরামারা গ্রাম সংলগ্ন এলাকায় মর্মান্তিক পথ দুর্ঘটনায় মৃত্যু হল এক যুবকের আহত ৯ । মৃত যুবকের নাম লক্ষণ ক্ষেত্রপাল বয়স ২২ বছর বাড়ি বাঁকাদহ গ্রাম পঞ্চায়েতের ভালকি গ্রামে। স্থানীয় সূত্র জানতে পারা যায় পয়লা জানুয়ারি সন্ধ্যার আগে একটি যাত্রী বোঝায় বেসরকারি বাস তালডাংরা থেকে বিষ্ণুপুর আসছিল বিষ্ণুপুর থানার বোরামারা গ্রাম সংলগ্ন এলাকায় হঠাৎ করেই বাসের সামনে চলে আসে একটি বাইক নিয়ে ওই যুবক। বাইকের সজরে ধাক্কা মারে যাত্রী বোঝাই ওই বাস। রাস্তা থেকে রাস্তার বাইরে বাইক নিয়ে ছিটকে পরে ওই যুবক। পাশাপাশি দুর্ঘটনার জেরে নিয়ন্ত্রণ হারিয়ে যাত্রী বোঝায় বাসটিও রাস্তার পাশে উল্টে যায়। তড়িঘড়ি ঘটনাস্থলে পৌঁছায় স্থানীয় বাসিন্দারা এবং বিষ্ণুপুর থানার পুলিশ।

প্রথম নজর

## আল জাজিরার সম্প্রচার স্থগিত করল ফিলিস্তিনি কর্তৃপক্ষ



**আপনজন ডেস্ক:** ফিলিস্তিনে কাতারের আল জাজিরা টিভির সম্প্রচার সাময়িকভাবে স্থগিত করেছে ফিলিস্তিন কর্তৃপক্ষ। মূলত উস্কানিমূলক উপাদান সম্প্রচারের অভিযোগ তুলে আন্তর্জাতিক এই টিভির সম্প্রচার সাময়িকভাবে বন্ধ করেছে ফিলিস্তিনি কর্তৃপক্ষ। যদিও এই সিদ্ধান্ত গাজা ভূখণ্ডে কার্যকর হবে না। কেননা গাজা শাসন করে না ফিলিস্তিনি কর্তৃপক্ষ। বৃহস্পতিবার এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম রয়টার্স।
ফিলিস্তিনি বার্তাসংস্থা ওয়াফা জানিয়েছে, উস্কানিমূলক উপাদান প্রচারের কারণে সাময়িকভাবে আল জাজিরা টেলিভিশনের সম্প্রচারসহ ভূখণ্ডে তাদের কার্যক্রম বন্ধ করে দিয়েছে ফিলিস্তিনি কর্তৃপক্ষ।
এদিকে, আল জাজিরা বন্ধের এই আদেশে বলা হয়েছে যে, সিদ্ধান্তটি সাময়িক, কিন্তু অস্থায়ী এই আদেশ কবে শেষ হবে সেই তারিখ নির্দিষ্ট করে বলা হয়নি।
তবে, হামাস পরিচালিত গাজায় আল জাজিরা বন্ধের এই সিদ্ধান্ত কার্যকর হবে না বলে ধারণা করা হচ্ছে। কারণ গাজায় কোনো ক্ষমতা প্রয়োগ করতে পারে না ফিলিস্তিনি কর্তৃপক্ষ। অন্যদিকে ফিলিস্তিনি কর্তৃপক্ষকে নিয়ন্ত্রণকারী দল ফাতাহ বলছে, আমাদের আরব মাতৃভূমি এবং বিশেষ করে ফিলিস্তিনে বিভাজন তৈরি করছে আল জাজিরা। এই টেলিভিশনকে সহযোগিতা না করার জন্য ফিলিস্তিনিদের উৎসাহিত করা হচ্ছে। এর আগে, গত বছরের সেপ্টেম্বরে পশ্চিম তীরের রামাল্লাহ শহরে আল জাজিরার ব্যুরোতে হামলা চালায় ইসরায়েল। সেই সময় এটি বন্ধেরও নির্দেশ দেয়।

## মাদক পাচারে জড়িত ৭২ আফগান নাগরিককে ফাঁসিতে ঝোলাল ইরান



**আপনজন ডেস্ক:** মাদক পাচারে জড়িত আফগানিস্তানের ৭২ নাগরিকের ফাঁসি দিয়েছে ইরান। ২০২৪ সালে আফগানিস্তানের এই নাগরিকদের মৃত্যুদণ্ড কার্যকর করেছে ইরান। ইরানের কেজেল হেসার কারাগারে বেশিরভাগ ফাঁসি দেওয়া হয়েছে। এদের মধ্যে নারী ও শিশুও রয়েছেন।
ইরানের মানবাধিকার সংস্থা জানিয়েছে, শুধু প্রাপ্তবয়স্ক আফগান নাগরিকদেরই মৃত্যুদণ্ড কার্যকর করেনি ইরান, এদের মধ্যে নারী ও শিশুও রয়েছে। ২০২২ সালে ১৬ জন আফগান নাগরিকের মৃত্যুদণ্ড কার্যকর করেছিল ইরান। এরপরের বছর সেই সংখ্যা বেড়ে দাঁড়ায় ২৫ জনে এবং ২০২৪ সালে ফাঁসি দেওয়া হয়েছে ৭২ জন আফগান নাগরিকের।
অপরাধ যতই গুরুতর হোক না কেন, এই ভাবে প্রকাশ্যে ফাঁসি দেওয়ার বিরুদ্ধে ইতিমধ্যেই সরব হয়েছে সেই দেশের বিভিন্ন মানবাধিকার সংগঠন। তবে তাতে কোন কাজ হয় নি।
ইরানের আইন অনুযায়ী, নিহতের পরিবার চাইলে ক্ষতিপূরণের বিনিময়ে খুনির সাজা মওকুফ করে দিতে পারে। অন্যদিকে শুধু খুন নয়, মাদক অপরাধে জড়িত ব্যক্তিদেরও মৃত্যদন্ড দেওয়া হয়।

# সুইজারল্যান্ডে নিকাব পরলে প্রায় এক লাখ টাকা জরিমানা হবে



**আপনজন ডেস্ক:** পহেলা জানুয়ারি থেকে নিকাব (মুসলিম নারীদের মুখ ঢাকার কাপড়) নিয়ে নতুন আইনের প্রয়োগ শুরু করেছে সুইজারল্যান্ড। পাবলিক প্লেসে নিকাব পরলেই গুনতে হবে এক হাজার ১৪৪ ডলার জরিমানা। দেশটির ফেডারেল কাউন্সিল এক ঘোষণায় জানিয়েছে, যারা এই আইন ভাঙবেন তাদের অন্তত এক হাজার ১৪৪ ডলার জরিমানা হতে পারে। যা ভারতীয় মুদ্রায় প্রায় এক লাখ টাকা।
তবে সুইজারল্যান্ডের সরকারের পক্ষ থেকে বলা হয়েছে, নিকাব পরা নিষিদ্ধের এ আইন বিমান, কূটনৈতিক এবং কনস্যুলার এলাকায় কার্যকর হবে না। একইসঙ্গে ধর্মীয় ও পবিত্র স্থানগুলোতেও মুখ ঢাকা যাবে।
এ ছাড়া স্বাস্থ্যজনিত, আবহাওয়াজনিত ও ট্র্যাডিশনাল কারণেও মুখ ঢাকার সুযোগ দেওয়া হবে। পাশাপাশি শৈল্পিক বা বিনোদন এবং বিজ্ঞাপনের ক্ষেত্রে মুখ ঢাকায় কোনো বাধা থাকবে না। ব্যক্তিগত সুরক্ষার জন্যও মুখ ঢাকা যাবে। তবে এজন্য কর্তৃপক্ষের কাছ থেকে আগে থেকে অনুমতি নিতে হবে। ২০২৩ সালের সেপ্টেম্বরে দেশটির পার্লামেন্টের নিম্নকক্ষ মুখ ঢেকে রাখার উপর নিষেধাজ্ঞা পাস করার পক্ষে ভোট দেয়। এরপর দেশটির ন্যাশনাল কাউন্সিল কাউন্সিল ১৫১-২৯ ভোটে আইনটি অনুমোদন করে।
এর আগে ২০২১ সালে সুইজারল্যান্ডে অনুষ্ঠিত এক গণভোটে নিকাবের পরিধানের বিরুদ্ধে রায় দেয় দেশটির জনগণ। এরপরেই দেশটির পার্লামেন্টে নিকাবের ওপর নিষেধাজ্ঞা আরোপ করে আইন পাস হয়।

## চাকরির জন্য দেশ ছেড়েছেন শ্রীলংকার রেকর্ড সংখ্যক নাগরিক



**আপনজন ডেস্ক:** ২০২৪ সালে দক্ষিণ এশিয়ার দ্বীপরাষ্ট্র শ্রীলংকার রেকর্ড সংখ্যক নাগরিক চাকরির জন্য দেশ ছেড়েছেন।
বৃহস্পতিবার (২ ডিসেম্বর) দেশটির সরকারি দফতর ব্যুরো অব ফরেইন এমপ্লয়মেন্ট (এসএলবিএফই) এক বিবৃতিতে এ তথ্য জানিয়েছে।
বিবৃতিতে বলা হয়, সদ্য বিদায়ী বছরটির জানুয়ারি থেকে ডিসেম্বর মাস পর্যন্ত কর্মসংস্থানের জন্য বিদেশ গিয়েছেন ৩ লাখ ১২ হাজার ৮৩৬ জন শ্রীলংকান।
বিদেশে যাওয়া এই নাগরিকদের মধ্যে পুরুষদের সংখ্যা ১ লাখ ৮৫ হাজার ১৬২ জন এবং নারীদের সংখ্যা ১ লাখ ২৭ হাজার ৬৭৫ জন। ১৯৪৮ সালে ব্রিটিশ ঔপনিবেশিক শাসন থেকে স্বাধীনতা লাভ করে শ্রীলংকা। তারপর দেশটির গত ৭৭ বছরের ইতিহাসে ২০২৪ সালের আগে কোনো বছর এত বেশি সংখ্যক নাগরিক চাকরির জন্য বিদেশ গমন করেন নি। সেই হিসেবে এটি একটি রেকর্ড।
এসএলবিএফই জানিয়েছে, গত বছর বিদেশে যাওয়া নাগরিকদের পছন্দনীয় গন্তব্যের শীর্ষে ছিল কুয়েত। মোট ৭৭ হাজার ৫৪৭ জন নাগরিক গিয়েছেন কুয়েতে। এরপর দ্বিতীয় স্থানে রয়েছে সংযুক্ত আরব আমিরাত (৫১ হাজার ৫৫০ জন) এবং মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশ। এর বাইরে ইসরায়েলে ৯ হাজার ৬৬৫ জন, জাপানে ৮ হাজার ৬৬৫ জন এবং দক্ষিণ কোরিয়ায় ৭ হাজার ৯৮ জন নাগরিক গিয়েছেন বলে বিবৃতিতে জানিয়েছে এসএলবিএফই।
চাকরির উদ্দেশ্যে বিপুল সংখ্যক নাগরিকের এই দেশত্যাগের জেরে দেশটির ডলারের রিজার্ভও বাড়ছে। কেন্দ্রীয় ব্যাংকের বরাত দিয়ে এসএলবিএফই জানিয়েছে, গত জানুয়ারি থেকে নভেম্বর পর্যন্ত ৬৪৬ কোটি ডলার রেমিট্যান্স পাঠিয়েছেন এই প্রবাসী নাগরিকরা। করোনা মহামারি এবং অর্থনৈতিক অব্যবস্থাপনার জেরে ডলারের মজুত তলানিতে ঠেকে যাওয়ায় ২০২১ সালের শেষ দিকে নজিরবিহীন অর্থনৈতিক সংকটে পড়ে শ্রীলংকা। সংকটের মাত্রা এত তীব্র ছিল যে খাদ্য, ওষুধ ও জ্বালানির মতো নিত্য ব্যবহার্য পণ্য আমদানির ক্ষমতাও ছিল না দেশটির সরকারের কাছে।
অর্থনীতিকে সচল করতে ২০২৩ সালে আন্তর্জাতিক মুদ্রা তহবিল জরুরি তহবিল হিসেবে ৩০০ কোটি ডলার ঋণ প্রদান করে। তারপর থেকে একটু একটু করে ঘুরে দাঁড়াচ্ছে শ্রীলংকা।




*উন্নত চিকিৎসার দাবিতে শাহবাগে সড়ক অবরোধ করে আন্দোলনে নেমেছেন বিএসএমএমইউতে চিকিৎসাধীন গণঅভ্যুত্থানে আহতরা। বৃহস্পতিবার (২ জানুয়ারি) সন্ধ্যা পৌনে ৭টার দিকে হাসপাতালের সামনে শাহবাগ থেকে ফার্মগেটমুখী সড়ক অবরোধ করেন তারা। ঢাকা, বাংলাদেশ*

## ট্রাম্প হোটেলের সামনে সাইবারট্রাকে বিস্ফোরণ, হতাহত ৮



**আপনজন ডেস্ক:** যুক্তরাষ্ট্রে ট্রাকচাপায় ১৫ জন নিহত হওয়ার কয়েক ঘণ্টা পরেই লাস ভেগাসে অবস্থিত ট্রাম্প হোটেলের কাছে বিস্ফোরণের ঘটনা ঘটেছে। টেসলার একটি সাইবারট্রাকে বিস্ফোরণের ঘটনায় গাড়িচালক নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরো সাতজন। স্থানীয় সময় বুধবার এ ঘটনা ঘটেছে বলে জানিয়েছে পুলিশ।
লাস ভেগাসের শেরিফ কেভিন ম্যাকমাহিল সাংবাদিকদের বলেন, বড় বিস্ফোরণের আগে বৈদ্যুতিক গাড়িটি ট্রাম্প ইন্টারন্যাশনাল হোটেলের কাঁচের প্রবেশপথ পর্যন্ত চলে যায়।
ভিডিও ফুটেজে দেখা গেছে, হোটেলের প্রবেশপথের সামনে সাইবার ট্রাকটিতে ছোট বিস্ফোরণ ঘটে। এরপর সেটি থেকে দাউ দাউ করে আগুন জ্বলতে দেখা যায়।
ম্যাকমাহিল জানান, সাইবার ট্রাকের ভেতরে একজনকে মৃত অবস্থায় পাওয়া যায় এবং সাতজন সামান্য আহত হয়েছেন।
এদিকে, এক্সে (সাবেক টুইটার) দেওয়া পোস্টে টেসলার প্রধান ইলন মাস্ক দাবি করেছেন, বিস্ফোরণটি আতশবাজি কিংবা বোমা থেকে সৃষ্ট। এটি গাড়ির সঙ্গে সম্পর্কিত নয় বলেও দাবি করেছেন তিনি।
বিস্ফোরণের কারণ খুঁজে বের করতে অনুসন্ধান চলছে বলে জানিয়েছে সেখানকার পুলিশ।

## মন্টিনিগ্রোতে ১০ জনকে হত্যা করে আত্মহত্যা করলেন হামলাকারী



**আপনজন ডেস্ক:** ইউরোপের দেশ মন্টিনিগ্রোতে ভয়াবহ বন্দুক হামলায় অন্তত ১০ জন নিহত হয়েছেন। এদের মধ্যে দুইজন শিশুও রয়েছে। এছাড়া গুরুতর আহত হয়েছে আরও অন্তত ৪ জন। এই হামলার ঘটনায় হামলাকারী আত্মহত্যা করেছেন। বুধবার বার্তাসংস্থা রয়টার্সের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।
পুলিশ জানিয়েছে, বন্দুকধারী ৪৫ বছর বয়সি আলেকজান্ডার মার্টিনোভিচ। তিনি সেটিনজে শহরে নিজ বাড়ির সামনে আত্মহত্যা করেছেন।
সংবাদমাধ্যমটির প্রতিবেদনে বলা হয়, মন্টিনিগ্রোর স্বরাষ্ট্রমন্ত্রী গণমাধ্যমকে বলেছেন- পরিস্থিতি বেগতিক দেখে আত্মহত্যা করেন ওই ব্যক্তি। তবে প্রথমেই তিনি মারা যাননি। হাসপাতালে নেওয়ার পথে মার্টিনোভিজেচর মৃত্যু হয়েছে বলে জানিয়েছে মন্ত্রী। তবে এ বিষয়ে বিস্তারিত তথ্য জানানো হয়নি।
বুধবার বিকালে দেশটির রাজধানী পডগোরিকা থেকে ৩৮ কিলোমিটার দূরে অবস্থিত সেটিনজের একটি রেস্তোরাঁয় হামলা চালান মার্টিনোভিচ। এরপর সেখান থেকে পালিয়ে যান তিনি। এ হামলায় ঘটনাস্থলেই চারজনের মৃত্যু হয়।
পুলিশ জানিয়েছে, তর্ক-বিতর্কের এক পর্যায়ে রেস্তোরাঁর ভিতরে গুলি ছোড়েন মার্টিনোভিচ। এ সময় তিনি মদ্যপ ছিলেন। সেখান থেকে পালিয়ে যাওয়ার পর পৃথক আরও তিন স্থানে তার বন্দুকের গুলিতে দুই শিশুসহ অন্তত ছয়জন নিহত হয়েছেন। গুরুতর আহত হয়েছেন আরও চারজন। তার বিরুদ্ধে আগে থেকেই অবৈধভাবে অস্ত্র ব্যবহারের অভিযোগ ছিল। মূলত বলকান অঞ্চলের ছোট রাষ্ট্র মন্টিনিগ্রোতে এ ধরনের বন্দুক হামলার ঘটনা তুলনামূলকভাবে বিরল বলে জানিয়েছে বিবিসি।

ছড়িয়ে-ছিটিয়ে

## ইসরায়েলের পার্লামেন্ট থেকে পদত্যাগ করছেন ইয়োভ গ্যালান্ট



**আপনজন ডেস্ক:** ইসরায়েলের সাবেক প্রতিরক্ষামন্ত্রী ইয়োভ গ্যালান্ট পার্লামেন্ট থেকে পদত্যাগ করার সিদ্ধান্ত নিয়েছেন। বুধবার তিনি এই ঘোষণা দেন। প্রায়শই প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ও সরকারের কট্টরপন্থী সদস্যদের বিরুদ্ধে নিজস্ব মতামত প্রকাশ করা নিয়ে একাধিকবার আলোচনায় এসেছেন তিনি। টেলিভিশনে দেওয়া একটি বিবৃতিতে গ্যালান্ট বলেছেন, যুদ্ধক্ষেত্রের মতো জনসেবার ক্ষেত্রেও মাঝেমধ্যে স্থির হয়ে পরিস্থিতি মূল্যায়ন করা ও লক্ষ্য অর্জনের জন্য একটি দিক বেছে নেয়া প্রয়োজন। গাজায় যুদ্ধ পরিচালনার পদ্ধতি নিয়ে দীর্ঘদিনের মতপার্থক্যের কারণে গ্যালান্টকে গত নভেম্বরে বরখাস্ত করেছিলেন নেতানিয়াহু। তবে নির্বাচিত পার্লামেন্ট সদস্য হিসেবে নেসেটে নিজের আসন ধরে রেখেছিলেন তিনি। প্রায়ই নেতানিয়াহু এবং তার কট্টর ডানপন্থী ও ধর্মীয় দলের জোটের সঙ্গে বিবাদে জড়িয়ে পড়তেন গ্যালান্ট। এর মধ্যে ছিল আল্ট্রা-অর্থোডক্স ইহুদি পুরুষদের জন্য সামরিক সেবার বাধ্যবাধকতা থেকে অব্যাহতি দেওয়ার মতো একটি বিতর্কিত বিষয়। ২০২৩ সালের মার্চ মাসে সুপ্রিম কোর্টের ক্ষমতা কমানোর উদ্দেশ্যে গৃহীত একটি বিতর্কিত সরকারী পরিকল্পনা স্থগিত করার আহ্বান জানানোর পর গ্যালান্টকে বরখাস্ত করেন নেতানিয়াহু। এতে গণবিক্ষোভ শুরু হয় ও নেতানিয়াহু তার সিদ্ধান্ত প্রত্যাহার করেন। গাজায় যুদ্ধাপরাধ ও মানবতাবিরোধী অপরাধের অভিযোগে গ্যালান্ট, নেতানিয়াহু ও এক হামাস নেতার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছে আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি)। অবশ্য এই পরোয়ানা ইসরায়েল প্রত্যাখ্যান করেছে।

**NAME CHANGE**

I, SD MD MAHIBBUL ISLAM, son of Lt. Syed Zahirul Islam, residing at Village and Post Basubati, Ps- Singur, Dist - Hooghly, Pin 712409, has change my name and shall henceforth be known as Syed Md Mahibbul Islam as declared before the Notary public Court Chandannagar (Dist Hooghly, West Bengal) vide NOTARY No 30 dated 30.12.2024, Sd Md Mahibbul Islam and Syed Md Muhibul Islam and Syed Md Mahibbul Islam all are same and identical person.

**সেহেরী ও ইফতারের সময়**

সেহেরী শেষ: ভোর ৪.৫২মি.
ইফতার: সন্ধ্যা ৫.০৯মি.

**নামাজের সময় সূচি**


| ওয়াক্ত | শুরু | শেষ |
|---|---|---|
| ফজর | ৪.৫২ | ৬.১৭ |
| যোহর | ১১.৪৬ | |
| আসর | ৩.২৯ | |
| মাগরিব | ৫.০৯ | |
| এশা | ৬.২৪ | |
| তাহাজ্জুদ | ১১.০০ | |

## ইতালি যাওয়ার পথে নৌকাডুবি, নিখোঁজ ২০



**আপনজন ডেস্ক:** লিবিয়া থেকে ইতালি যাওয়ার পথে নৌকা ডুবে অন্তত ২০ জন নিখোঁজ রয়েছেন। ইতালীয় দ্বীপ ল্যাম্পেডুসার মেয়র এ তথ্য জানিয়েছে।
জানা গেছে, এখন পর্যন্ত সাতজনকে উদ্ধার করা হয়েছে। যাদের মধ্যে আট বছরের এক সিরীয় শিশু রয়েছে। ওই শিশু জার্মানিতে বসবাসকারী তার বাবার কাছে যাচ্ছিল। বিপজ্জনক সফরে শিশুটি তার মায়ের সঙ্গে ছিলেন, কিন্তু মঙ্গলবার নৌকাডুবির পর থেকে তাকে আর দেখা যায়নি।

## ৬ ইরানির মৃত্যুদণ্ড কার্যকর, সৌদি রাষ্ট্রদূতকে তলব করল তেহরান



**আপনজন ডেস্ক:** মাদক পাচারের মামলায় সৌদি আরবে দোষী সাব্যস্ত ছয় ইরানির মৃত্যুদণ্ড কার্যকরের তীব্র প্রতিবাদ জানিয়েছে ইরান। এ ঘটনায় তেহরানে নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূতকে তলব করেছে মাসুদ পেজেশকিয়ান সরকার। বুধবার (১ জানুয়ারি) এক প্রতিবেদনে এ খবর দিয়েছে প্রেস টিভি। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার অ্যাফেয়ার্স অফিসের মহাপরিচালক করিমি শাসাতি বলেছেন, সৌদি রাষ্ট্রদূত ইসলামিক প্রজাতন্ত্রের কাছ থেকে কঠোর প্রতিবাদের একটি আনুষ্ঠানিক নোট পেয়েছেন। তিনি বলেন, সৌদি রাষ্ট্রদূতকে বলা হয়েছে মৃত্যুদণ্ড ইরান এবং সৌদি আরবের মধ্যে বিচারিক সহযোগিতার সামগ্রিক গতিপথের সাথে বেমানান। এটি প্রয়োজনীয় ব্যাখ্যা নিশ্চিত করতে হবে। শাসাতি বলেন, অভিযুক্ত ব্যক্তিদের বেশ কয়েক বছর আগে সৌদি বিচার বিভাগ মাদক পাচারের অভিযোগে মৃত্যুদণ্ড দিয়েছিল। এই সময়ে পররাষ্ট্র মন্ত্রণালয় তাদের কনস্যুলার পরিষেবা প্রদান এবং সাজা কমানোর জন্য অবিরাম প্রচেষ্টা চালিয়েছিল। ইরানি দূতাবাসকে কোনো পূর্ব নোটিশ ছাড়াই মৃত্যুদণ্ড কার্যকর করা সম্পূর্ণভাবে অগ্রহণযোগ্য বলে আখ্যা দিয়েছে। একইসঙ্গে কনস্যুলার সম্পর্কের ভিয়েনা কনভেনশনসহ আন্তর্জাতিক আইনি মানদণ্ডের লঙ্ঘন হয়েছে বলে দাবি করেছে।

ইসলামিক আদর্শে আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান
আপনার সন্তানকে আধুনিক শিক্ষার সমাজের যোগ্য ও আদর্শ মানুষ রূপে গড়ে তোলার একমাত্র বিশ্বস্ত প্রতিষ্ঠান
**মদিনা মিশন**
মদিনা নগর চৌহাটি মুসলিমপাড়া রোড, পোঃ- চৌহাটি, থানা- সোনারপুর
কোলকাতা- ৭০০১৪৯
Mob.: 9830401057
Govt. Regd No.- 1033/00241
Email: madinamission949@gmail.com
২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি চলছে পঞ্চম থেকে অষ্টম শ্রেণি
সীমিত সংখ্যক আসনে পঞ্চম থেকে অষ্টম শ্রেণিতে স্পট টেস্টের মাধ্যমে ভর্তি চলছে।
ঃঃঃ আমাদের পরিষেবা ঃঃ
- তৃতীয় ও চতুর্থ শ্রেণির পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা সংসদের এবং পঞ্চম থেকে দশম শ্রেণির পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদের সিলেবাস অনুসারে পড়ানো হয়।
হোস্টেলের সুব্যবস্থা আছে। আবাসিক ছাত্রদের দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক দ্বারা মণিটরিং করানো হয়।
- আরবি বিভাগ-
আবাসিক ছাত্রদের ১০-১২ বছরের ছাত্রদের হাফেজী এবং মাওলানা কাফিয়া পর্যন্ত শিক্ষার পাশাপাশি জেনারেল শিক্ষা প্রদান করা হয়।
- গরিব এতিম ছাত্রদের বিনামূল্যে রাখা হয়। এতিম শিশুদের আধুনিক ও দ্বিনি শিক্ষার অতুলনীয় আশ্রয়কেন্দ্র। যার নাম মদিনা মিশন।
সভাপতি- মুফতি লিয়াকাত সাহেব
সহ-সভাপতি- ইনতাজ আলি শাহ (প্রাক্তন বিচারপতি)
হাজি ইউসুফ মোল্লা, মাস্টার আবুল্লাহ সর্দার, মাস্টার আব্দুল বাসার
সম্পাদক- ইমাম হোসেন সেখ
সহ-সম্পাদক- আব্দুর রহমান, সৈয়দ রহমাতুল্লাহ
প্রধান শিক্ষিকা- সাবিনা সেখ
পথ নির্দেশ- শিয়ালদহ ক্যানিং, লক্ষীকান্তপুর, ডায়মণ্ডহারবার ট্রেনে করিয়া মল্লিকপুর স্টেশন হইতে টোটো কিংবা রিক্সা করে মদিনা মিশন দঃ চৌহাটি হাঁটাপথ ২০মিনিট।



আপনজন
ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর
২০ বর্ষ, ৩ সংখ্যা, ১৮ পৌষ ১৪৩১, ১ রজব ১৪৪৬ হিজরি

## ক্ষতিকর ট্রান্সফ্যাট

আ ‘এই সুন্দর পৃথিবী ছেড়ে চলে যেতে মন নাহি চায়’—এই জনপ্রিয় গানটি লিখিয়াছিলেন গৌরীপ্রসন্ন মজুমদার আর অসম্ভব দরদি কণ্ঠে গাহিয়াছিলেন শ্যামল মিত্র। এই গানের মধ্যে পৃথিবীর অপরূপ সৌন্দর্য আস্বাদন করিবার এক অপার ব্যাকুলতা ফুটিয়া উঠিয়াছে। একটু ভাবিয়া দেখিলে বুঝা যায়, পৃথিবীর সকল বিচক্ষণ মানুষের মধ্যেই এই আকুলতা রহিয়াছে। ঐ গানটির লেখক ও গায়ক—কেহই এই পৃথিবীতে আজ নাই। এখন আমরা যাহারা আছি, তাহারাও একদিন পৃথিবীর মায়া ত্যাগ করিব। এই বিবেচনায় বিদ্বজ্জনেরা মনে করেন, যাহার আয়ু অধিক তিনিই তত অধিক এই পৃথিবীর রূপ-রস উপভোগ করিতে পারিবেন। অপর দিকে যাহার যত আয়ু অধিক অবশিষ্ট রহিয়াছে, তিনিই তত অধিক ধনী। এখন এক জন অল্পবয়সি মানুষের আয়ু অধিক অবশিষ্ট রহিয়াছে, ইহা ভাবিবার কোনো কারণ নাই। প্রকৃতপক্ষে, তুলনামূলক স্বাস্থ্যসম্মত জীবন যাপন করিলে একজন মানুষ অনেক অধিক আয়ুষ্মান হইয়া থাকে। আর এই স্বাস্থ্যসম্মত জীবনযাপনের মধ্যে সবচাইতে গুরুত্বপূর্ণ খাদ্যাভ্যাস। প্রকৃত অর্থে, খাবার হইল শরীরের জ্বালানি। সেই জ্বালানিতে যদি সমস্যা থাকে, তাহা হইলে মানুষের শরীর নামক ইঞ্জিনে সমস্যা দেখা দিবেই।

জরিপে দেখা গিয়াছে, দক্ষিণ এশিয়ার স্বল্প ও মধ্যম আয়ের দেশগুলিতে করোনারি হৃদরোগের কারণে তিন-চতুর্থাংশ মৃত্যুর ঘটনা ঘটিয়া থাকে। ইতিপূর্বে প্রকাশিত একটি পরিসংখ্যানে বলা হইয়াছে, তরুণ ও মধ্যবয়স্কদের মধ্যে হার্ট অ্যাটাকের হার প্রতি বত্সরে ২ শতাংশ করিয়া বাড়িতেছে। চিকিত্সকদের মতে, অন্যান্য বেশ কিছু কারণসহ অস্বাস্থ্যকর খাবার, বিশেষ করিয়া ট্রান্সফ্যাটযুক্ত খাবার তরুণদের মধ্যে হার্ট অ্যাটাকের প্রবণতা দিনদিন বাড়াইয়া তুলিতেছে। খাবারের ট্রান্সফ্যাট হইল এক কথায় ক্ষতিকর চর্বিজাতীয় খাবার। ইহা রক্তের ‘ভালো’ কোলেস্টেরলের মাত্রা কমাইয়া দেয় এবং ‘খারাপ’ কোলেস্টেরলের মাত্রা বাড়াইয়া দেয়। গত সোমবার পত্রিকান্তরে প্রকাশিত একটি প্রতিবেদনে বলা হইয়াছে, বোতলজাত সয়াবিনে ক্ষতিকর ‘ট্রান্সফ্যাট’ রহিয়াছে। ট্রান্সফ্যাটি অ্যাসিডের এই উপস্থিতি উঠিয়া আসিয়াছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের জেমস পি গ্র্যান্ট পাবলিক হেলথ স্কুলের ১৩ জন গবেষকের দুই বত্সর মেয়াদি এক গবেষণায়। ইহাতে বাজারের বিভিন্ন কোম্পানির বোতলজাত সয়াবিন তেলের প্রায় ৬৭ শতাংশ নমুনায় সহনীয় মাত্রার চাইতে অধিক ট্রান্সফ্যাটি অ্যাসিড পাওয়া গিয়াছে। খোলা সয়াবিন তেলের ক্ষেত্রে হারটি প্রায় ২৫ শতাংশ। ট্রান্সফ্যাটি অ্যাসিড ‘ট্রান্সফ্যাট’ নামে বহুল প্রচলিত। গবেষকরা মনে করিতেছেন, সয়াবিন তেলে ট্রান্সফ্যাট তৈরি হইতে পারে পরিশোধন প্রক্রিয়ার কোনো গলদে। অতীতের গবেষণার বরাত দিয়া এই গবেষণায় বলা হইয়াছে, ভোজ্য তেল পরিশোধন করা হয় উচ্চ তাপে, তখনই ট্রান্সফ্যাট বৃদ্ধি পায়। ট্রান্সফ্যাট (টিএফএ) রক্তে খারাপ কোলেস্টেরল বৃদ্ধি করে এবং ভালো কোলেস্টেরল কমাইয়া দেয়। ফলে হৃদ্যন্ত্রে মাত্রাতিরিক্ত খারাপ কোলেস্টেরলের কারণে হার্ট অ্যাটাক, মস্তিষ্কের স্ট্রোক, রক্তনালির অসুখ ও ডায়াবেটিসের ঝুঁকি বাড়িয়া যায় বহুগুণ। ইতিপূর্বে বিশ্ব স্বাস্থ্য সংস্থা ২০২৩ সালের মধ্যে ট্রান্সফ্যাট নির্মূলের লক্ষ্য ঠিক করিয়াছিল। সংস্থাটি বলিয়াছে, সকল ফ্যাট, তেল ও খাবারে প্রতি এক শত গ্রাম ফ্যাটে ট্রান্সফ্যাটের পরিমাণ সর্বোচ্চ দুই গ্রামে সীমিত করিতে হইবে।

আমরা আশা করিব দ্রুত ট্রান্সফ্যাটের ব্যাপারে সংশ্লিষ্ট মহল যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করিবে। একই সঙ্গে তরুণ জনগোষ্ঠীকেও সচেতন হইতে হইবে, তাহারা যেন হৃদরোগের ঝুঁকি এড়াইতে খাদ্যাভ্যাসে সঠিক পরিবর্তন আনিয়া ট্রান্সফ্যাটযুক্ত খাবার পরিহার করেন।

•••••••••••••

# আরাকান আর্মির যে পাঁচ কারণে এমন সাফল্য



রাখাইন রাজ্যে একটি শক্তিশালী সংগঠন হিসেবে আত্মপ্রকাশ করতে আরাকান আর্মি জোট গঠন করেছে এবং ভৌগোলিক ও অন্যান্য সুবিধাকে কাজে লাগিয়েছে। মিয়ানমারে সক্রিয় সব জাতিগত সশস্ত্র সংগঠনের মধ্যে আরাকান আর্মি মাত্র দুই দশকের মধ্যেই সবচেয়ে বড় ভূখণ্ডের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে পেরেছে। দক্ষিণ চিন রাজ্য, রাখাইন রাজ্যসহ আরাকানের একটি বিশাল এলাকাজুড়ে বিস্তৃত এলাকায় সংগঠনটি ইতিমধ্যে সামরিক জান্তার কাছ থেকে ১৩টি টাউনশিপ মুক্ত করেছে। লিখেছেন **রাজীব ভট্টাচার্য**।



রাখাইন রাজ্যে একটি শক্তিশালী সংগঠন হিসেবে আত্মপ্রকাশ করতে আরাকান আর্মি জোট গঠন করেছে এবং ভৌগোলিক ও অন্যান্য সুবিধাকে কাজে লাগিয়েছে।

মিয়ানমারে সক্রিয় সব জাতিগত সশস্ত্র সংগঠনের মধ্যে আরাকান আর্মি মাত্র দুই দশকের মধ্যেই সবচেয়ে বড় ভূখণ্ডের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে পেরেছে। দক্ষিণ চিন রাজ্য, রাখাইন রাজ্যসহ আরাকানের একটি বিশাল এলাকাজুড়ে বিস্তৃত এলাকায় সংগঠনটি ইতিমধ্যে সামরিক জান্তার কাছ থেকে ১৩টি টাউনশিপ মুক্ত করেছে।

২০০৯ সালে কাচিনে ২৬ সদস্যের উদ্যোগে কাচিন ইনডিপেনডেন্স আর্মির সহায়তায় আরাকান আর্মি গঠিত হয়। ২০১৫ সালে সংগঠনটি উত্তর রাখাইন রাজ্যে সামরিক বাহিনীর বিরুদ্ধে সশস্ত্র লড়াই শুরু করে। পরবর্তী পাঁচ বছরে যুদ্ধ মাঝেমধ্যে স্থগিত ছিল।

২০২০ সালের নভেম্বরে আরাকান আর্মি সামরিক বাহিনীর সঙ্গে একটি অনানুষ্ঠানিক অস্ত্রবিরতি চুক্তি করে। তবে ২০২২ সালের শুরুর দিকেই লড়াই আবার শুরু হয়। ওই বছরের নভেম্বরে আরেকটি নড়বড়ে অস্ত্রবিরতি কার্যকর হলেও ২০২৩ সালের ১৩ নভেম্বর আরাকান আর্মি সামরিক বাহিনীর বিরুদ্ধে পূর্ণমাত্রার আক্রমণ শুরু করে, যা এখনো অব্যাহত রয়েছে।

আরাকান আর্মির এ সাফল্যের পেছনের কারণ কী? দ্য ডিপ্লোম্যাটে দেওয়া এক সাক্ষাৎকারে এর সর্বাধিনায়ক টোয়ান ম্রাট নাইং উল্লেখ করেন যে মুক্তির লক্ষ্যে আগের প্রজন্মের ব্যর্থতা থেকে শিক্ষা নেওয়ার পাশাপাশি এর নেতৃত্ব, সাংগঠনিক দক্ষতা এবং জোটগুলো একটি শক্তিশালী আন্দোলন গড়ে তুলতে সহায়ক হয়েছে। এ আন্দোলন পরিচালনা করে আরাকান আর্মি এবং এর রাজনৈতিক শাখা ইউনাইটেড লিগ অব আরাকান।

এ অঞ্চলে আমার ভ্রমণ, পর্যবেক্ষণ এবং আরাকান আর্মি ও লিগ অব আরাকানের কর্মকর্তাদের সঙ্গে আলোচনার ভিত্তিতে এ সংগঠনের সাফল্যের পেছনে পাঁচটি প্রধান কারণকে চিহ্নিত করা যায়।

**নেতৃত্বই সাফল্যের মূল চাবিকাঠি**

৩০ জুন দ্য ডিপ্লোম্যাটকে ম্রাউক ইউ ও আশপাশের কিয়াউকতাউ এলাকার রাজনৈতিক কমিশনার এবং ইউনাইটেড লিগ অব আরাকানের প্রবীণ সদস্য উ হ্লা সাও সাক্ষাৎকার দেন। সেখানে তাঁরা আরাকান আর্মির সাফল্যের মূল চাবিকাঠি হিসেবে নেতৃত্বকে চিহ্নিত করেন। সেই সঙ্গে আছে সব সম্প্রদায়ের সম্পৃক্ততা। পূর্ববর্তী সংগঠনগুলোর মতো জাতি বা ধর্মের ভিত্তিতে কোনো বৈষম্য এখানে নেই।

কাচিনে প্রশিক্ষণ শুরুর আগেই একটি রোডম্যাপ চূড়ান্ত করা হয়। ২০০৯ সাল থেকে দুই বছরের মধ্যে চারটি ব্যাচে প্রায় ৪০০ যোদ্ধাকে কাচিন থেকে প্রস্তুত করা হয়। এরপর প্রশিক্ষিত সদস্যদের মাটির বাস্তবতা বুঝে ইয়াঙ্গুন, সিত্তে ও মান্দালয়ে নেটওয়ার্ক গড়ার জন্য নিয়োজিত করা হয়। পাশাপাশি রাখাইনে ছাত্রনেতা ও ভিক্ষুদের চিহ্নিত করে একটি নেটওয়ার্ক গড়ার কাজ শুরু হয়। ২০১৪ সাল থেকে আরাকান আর্মির কর্মীরা বিভিন্ন স্থানে গোপনে বসতি স্থাপন করে।

আরাকান আর্মির আঞ্চলিক পরিচালক এক কর্নেল বলেন, ‘আন্দোলনের প্রাথমিক পর্যায়ে আমাদের মূল লক্ষ্য ছিল আরাকানের উত্তরাঞ্চল। এর মধ্যে পলেটওয়া ও দক্ষিণ চিন রাজ্যে মিয়ানমার, ভারত ও বাংলাদেশের ত্রিমোহনী এলাকা ছিল। কারণ, এ অঞ্চল ভারত ও বাংলাদেশের সঙ্গে বাণিজ্য পথ নিয়ন্ত্রণের জন্য গুরুত্বপূর্ণ।’ আরাকান স্টাডিজ সেন্টারের ২০২৪ সালের একটি প্রতিবেদন অনুযায়ী আরাকান আর্মির ‘অস্ত্র ও গোলাবারুদ স্থল ও জলপথে সরবরাহ করা হয়’।

২০১৫ সালে ইউনাইটেড লিগ অব আরাকান গঠন করে অঞ্চলে প্রশাসনিক কাঠামো প্রতিষ্ঠা করা হয়। যুদ্ধ তীব্র হওয়ার সঙ্গে সঙ্গে কার্যক্রম পরিচালনায় আরও সমন্বয় ও দক্ষতার লক্ষ্যে নয়টি সামরিক আঞ্চলিক কমান্ড গঠন করা হয়, যা পরিচালনা করে গোপন অবস্থানে থাকা যুদ্ধ কার্যালয়।

**প্রতিরোধ গোষ্ঠীগুলোর সঙ্গে জোট**

আরাকান আর্মি বিভিন্ন প্রতিরোধ সংগঠনের সঙ্গে জোট গঠনের মাধ্যমে তাদের শক্তি ও প্রভাব বাড়িয়েছে। বর্তমানে তাদের সেনারা কায়িন, শান, কাচিন রাজ্য এবং সাগাইং ও মাগওয়ে অঞ্চলে মোতায়েন রয়েছেন। ২০১৫ সালে আরাকান আর্মি টাং জাতীয় মুক্তিবাহিনী, মিয়ানমার ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স আর্মি ও কাচিন ইনডিপেনডেন্স আর্মির সঙ্গে নর্দান অ্যালায়েন্স গঠন করে।

**আরাকান আর্মি বিভিন্ন প্রতিরোধ সংগঠনের সঙ্গে জোট গঠনের মাধ্যমে তাদের শক্তি ও প্রভাব বাড়িয়েছে। বর্তমানে তাদের সেনারা কায়িন, শান, কাচিন রাজ্য এবং সাগাইং ও মাগওয়ে অঞ্চলে মোতায়েন রয়েছেন। ২০১৫ সালে আরাকান আর্মি টাং জাতীয় মুক্তিবাহিনী, মিয়ানমার ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স আর্মি ও কাচিন ইনডিপেনডেন্স আর্মির সঙ্গে নর্দান অ্যালায়েন্স গঠন করে। ২০১৯ সালে তারা থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্স তৈরি করে। জোটগুলো আরাকান আর্মিকে সম্পদ ও সমর্থন সংগ্রহ এবং বিভিন্ন গোষ্ঠীর কাছ থেকে যুদ্ধকৌশল শিখতে সাহায্য**

২০১৯ সালে তারা থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্স তৈরি করে। জোটগুলো আরাকান আর্মিকে সম্পদ ও সমর্থন সংগ্রহ এবং বিভিন্ন গোষ্ঠীর কাছ থেকে যুদ্ধকৌশল শিখতে সাহায্য করেছে। এই বিভিন্ন প্রতিরোধ গোষ্ঠী এক হয়ে সরকারি সেনাবাহিনীর বিরুদ্ধে অপারেশনও চালিয়ে থাকে।

অভ্যুত্থানের পর গঠিত নির্বাসিত সরকার ন্যাশনাল ইউনিটি গভর্নমেন্টের সঙ্গে আরাকান আর্মি আনুষ্ঠানিকভাবে যুক্ত না হলেও তারা পিপলস ডিফেন্স ফোর্সেসকে প্রশিক্ষণ ও অস্ত্র সরবরাহ করেছে। চিন রাজ্যের চিন ব্রাদারহুড অ্যালায়েন্সের সঙ্গে তাদের জোট গুরুত্বপূর্ণ। কারণ, এটি ভারতীয় সীমান্ত থেকে সরবরাহ লাইন নিয়ন্ত্রণে সহায়ক।

**আরাকান আর্মির শক্তি তরুণ ও নিবেদিতপ্রাণ যোদ্ধারা**

আরাকান আর্মির সাফল্যের বড় কারণ তাদের তরুণ ও নিবেদিতপ্রাণ যোদ্ধাদের বিশাল দল। এ কথা বুথিডাংয়ের পুলিশপ্রধান অং কিউ কিউর। কিউ গত ১৮ মে আরাকান আর্মির হাতে বন্দী হয়েছিলেন। তিনি বলেন, ‘তাদের যোদ্ধাদের মধ্যে উদ্দীপনা অত্যন্ত প্রবল। আর এটাই মিয়ানমারের সামরিক বাহিনীর মধ্যে অনুপস্থিত।’

অং আরও বলেন যে আরাকান আর্মির জনপ্রিয়তার মূল ভিত্তি জনগণের সমর্থন। মিয়ানমারের সামরিক বাহিনী কিছু গোষ্ঠীর সঙ্গে মিলে বেসামরিক লোকদের লক্ষ্যবস্তুতে পরিণত করছে। এতে আরাকান আর্মি আরও শক্তিশালী অবস্থানে পৌঁছেছে।

বর্তমানে আরাকান আর্মি আরাকানের ৮০ শতাংশ এলাকা নিয়ন্ত্রণ করছে। তাদের অগ্রগতি অব্যাহত থাকলে পুরো অঞ্চল দখল করা সম্ভব। তাদের অধিকাংশ যোদ্ধার বয়স ২০-৩০ বছরের মধ্যে। অন্যান্য গোষ্ঠীর মতো জোরপূর্বক নিয়োগের পথে না গিয়ে তারা সেসব অঞ্চল থেকে যোদ্ধা সংগ্রহ করে, যেসব জায়গায় ৭৮ শতাংশ মানুষ দারিদ্র্যসীমার নিচে বসবাস করে।

তাদের নিয়োগপ্রক্রিয়া কঠোর। সেখানে শারীরিক স্বাস্থ্য, শিক্ষাগত যোগ্যতা ও অতীত আচরণ যাচাই করা হয়। ৩৫ বছরের বেশি বয়সীদের সাধারণত রাজনৈতিক শাখায় যুক্ত হওয়ার পরামর্শ দেওয়া হয়।

**আরাকান আর্মির প্রতিদ্বন্দ্বী নেই**

মিয়ানমারের অন্যান্য অঞ্চলে প্রতিরোধ গোষ্ঠীগুলোর মধ্যে দ্বন্দ্ব ও সংঘাত দেখা গেলেও আরাকানে সংখ্যাগরিষ্ঠ রাখাইন বৌদ্ধ সম্প্রদায়ের মধ্যে আরাকান আর্মির কোনো উল্লেখযোগ্য প্রতিদ্বন্দ্বী নেই। দক্ষিণ চিন রাজ্যে সক্রিয় ছোট গোষ্ঠী সিডিএফ পলেটওয়া মূলত চিন সম্প্রদায়ের সমর্থন নিয়ে কাজ করে। আরাকান আর্মির সঙ্গে তাদের সম্পর্ক বন্ধুত্বপূর্ণ ও সহযোগিতামূলক।

বুথিডাং ও মংডুর মতো অঞ্চলে রোহিঙ্গা সন্ত্রাসী গোষ্ঠীগুলোর সঙ্গে আরাকান আর্মির কিছুটা উত্তেজনা রয়েছে। তবে এসব গোষ্ঠীর প্রভাব কমে গেছে। কারণ, অনেক সদস্য অঞ্চলটি মুক্ত হওয়ার পর বাংলাদেশে পালিয়ে গেছে। আগে আরাকানে কিছু প্রতিদ্বন্দ্বী সশস্ত্র গোষ্ঠী থাকলেও আরাকান ন্যাশনাল কাউন্সিল এখন প্রায় বিলুপ্ত। আরাকান লিবারেশন পার্টি ২০২১ সালের অভ্যুত্থানের পর বিভক্ত হয়ে পড়েছে। এর একটি অংশ সামরিক জান্তার সঙ্গে সহযোগিতা করছে, যা তাদের অবস্থান আরও দুর্বল করেছে। আরাকান আর্মি ও তাদের রাজনৈতিক শাখা ইউনাইটেড লিগ অব আরাকান জনগণের গভীর ক্ষোভ ও প্রত্যাশাকে কাজে লাগিয়ে ব্যাপক সমর্থন অর্জন করতে সক্ষম হয়েছে।

**ভূপ্রকৃতির সুবিধা**

আরাকান আর্মির অভিযানগুলোর সফলতার অন্যতম কারণ রাখাইনের ভৌগোলিক বৈশিষ্ট্য। আলফা ২ সামরিক অঞ্চলের কমান্ডার কর্নেল টোয়ান ইয়াই বলেন, ‘আমরা এখানেই (রাখাইন) জন্মেছি, বেড়ে উঠেছি। স্থানীয় ভৌগোলিক পরিস্থিতি সম্পর্কে আমাদের গভীর জ্ঞান রয়েছে। মিয়ানমার সেনাবাহিনীতে কোনো রাখাইন কর্মকর্তা নেই। তাদের সব কর্মকর্তাই বাইরের।’

রাখাইনের ভূপ্রকৃতি মিয়ানমারের অন্যান্য সীমান্ত অঞ্চলের তুলনায় আলাদা। এখানে সর্বত্র নদী ও খালের বিস্তার। এখানে রাস্তাঘাট খারাপ। নদীগুলোই পরিবহন ও যোগাযোগের মূল মাধ্যম। যুদ্ধের আগে থেকেই আরাকান আর্মি যোদ্ধা ও সামগ্রী দ্রুত পরিবহনের জন্য স্পিডবোটসহ স্থানীয় নৌকা ব্যবহার করে নদীপথে কার্যকর একটি ব্যবস্থা তৈরি করে। সেনাবাহিনী রাস্তার ওপর নির্ভরশীল। ফলে প্রায়ই সমস্যায় পড়ে আর হামলার শিকার হয়।

আরাকান আর্মির আরও একটি সুবিধা হলো তাদের দক্ষ যোগাযোগব্যবস্থা। স্যাটেলাইট ইন্টারনেট, স্যাটেলাইট ফোন ও ওয়াকি-টকির মাধ্যমে তথ্য আদান-প্রদান করে তারা। কোথাও যোগাযোগের সমস্যা হলে সদস্যরা পাহাড়ের চূড়ায় স্থায়ীভাবে অবস্থান করে বার্তা রিলে করেন।

এসব দক্ষতার কারণে আরাকান আর্মির নিয়ন্ত্রণ উত্তর রাখাইনের আরও এলাকায় ছড়িয়ে পড়ার সম্ভাবনা রয়েছে। বিশেষজ্ঞরা বলছেন, আরাকান আর্মির স্বায়ত্তশাসনের লক্ষ্য বাস্তবায়িত হলে শুধু মিয়ানমার নয়, পুরো দক্ষিণ-পূর্ব এশিয়ার ভূরাজনীতিতে এর বড় প্রভাব ফেলবে।

***রাজীব ভট্টাচার্য অসমের বরিষ্ঠসাংবাদিক***
***সৌজন্যে: দ্য ডিপ্লোম্যাট, ইংরেজি থেকে সংক্ষেপিত অনুবাদ***

---

নগায়ার উডস

# ক্ষমতা আঁকড়ে থাকা নেতারা কেন ক্ষমতা হারাচ্ছেন

গত বছরে বিশ্বের বিভিন্ন দেশে ক্ষমতাসীনেরা ভোটে হেরে গেছেন। কোথাও কোথাও তাঁদের ক্ষমতা থেকে সরিয়ে দেওয়া হয়েছে। ঠিক এ রকম পরিস্থিতিতে সংযুক্ত আরব আমিরাতের মন্ত্রিপরিষদবিষয়ক মন্ত্রী মোহাম্মদ আল গেরগাভির যে কথাটি খুবই গুরুত্ব পেয়েছে, সেটি হলো: ‘সরকারের কাজ হলো এমন একটি ভবিষ্যৎ তৈরি করা, যা নাগরিকদের আশা জাগায়।’

২০২৫ সাল সামনে রেখে রাজনৈতিক নেতাদের বার্তাটি গুরুত্ব দিয়ে গ্রহণ করা উচিত। শুরু সংকট মোকাবিলার মানসিকতা থেকে সরে এসে একটি সাহসী ও আশাব্যঞ্জক পরিকল্পনা তৈরিতে তাঁদের মনোযোগ দেওয়া দরকার। গত বছর বিশ্বজুড়ে ক্ষমতাসীনদের ভোটে হারিয়ে দেওয়ার ঘটনাগুলো ছিল নজরকাড়া। মার্চ মাসে সেনেগালের প্রেসিডেন্ট ম্যাকি শাল নির্বাচনের সময় পিছিয়ে দেওয়ার চেষ্টা করে ব্যর্থ হন এবং পরাজিত হন। জুন মাসে দক্ষিণ আফ্রিকার আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস (যারা তিন দশক ধরে ক্ষমতায় ছিল) প্রথমবারের মতো তাদের সংখ্যাগরিষ্ঠতা হারিয়ে জোট সরকার গঠন করতে বাধ্য হয়। একই মাসে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভারতীয় জনতা পার্টি (বিজেপি) পার্লামেন্টে তাদের সংখ্যাগরিষ্ঠতা হারায়।

জুলাই মাসে যুক্তরাজ্যের সাধারণ নির্বাচনে লেবার পার্টি বিপুল সংখ্যাগরিষ্ঠতায় জয়ী হয়। অক্টোবর মাসে জাপানের প্রধানমন্ত্রী ইশিবা শিগেরুর নেতৃত্বাধীন লিবারেল ডেমোক্রেটিক পার্টি (এলডিপি) ২০০৯ সালের পর প্রথমবারের মতো সংখ্যাগরিষ্ঠতা হারায়। সেপ্টেম্বরের শুরুতে ফ্রান্সের প্রধানমন্ত্রী মিশেল বার্নিয়ে অনাস্থা ভোটে ক্ষমতাচ্যুত হন। এর কয়েক দিন পর জার্মান চ্যান্সেলর ওলাফ শলৎজ অনাস্থা ভোটে হেরে যান, যা দেশটিতে আগাম নির্বাচনের পথ প্রশস্ত করে। গত বছর কয়েকজন শাসক জনবিক্ষোভের মাধ্যমে ক্ষমতাচ্যুত হন। আগস্ট মাসে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা জনগণের বিক্ষোভের মুখে সামরিক হেলিকপ্টারে চড়ে দেশ থেকে পালিয়ে যান। আর গত মাসের শুরুতে সিরিয়ার প্রেসিডেন্ট বাশার আল-আসাদ তাঁর সরকার পতনের পর রাশিয়ায় পালিয়ে যেতে বাধ্য হন। প্রশ্ন হচ্ছে, দীর্ঘদিন ধরে ক্ষমতা আঁকড়ে থাকা নেতারা কেন ক্ষমতা হারাচ্ছেন?

এর একটি সম্ভাব্য কারণ হতে পারে সামাজিক যোগাযোগমাধ্যম।



গবেষণায় দেখা গেছে, ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে সরকারের প্রতি নাগরিকের আস্থা কমে এবং রাজনৈতিক মেরুকরণ তীব্র হয়। সামাজিক যোগাযোগমাধ্যম একই মতের বা একই ধরনের বিষয়বস্তু গ্রহণকারী মানুষের মধ্যে সংযোগ ঘটিয়ে দেয়; তাদের দৃষ্টিভঙ্গিকে আরও শক্তিশালী করে এবং ‘সম্মিলন’ নামে পরিচিত মনস্তাত্ত্বিক প্রভাব বাড়িয়ে তোলে। সামাজিক যোগাযোগমাধ্যমের অ্যালগরিদম সহজ এবং আবেগ উসকে দেওয়া বার্তা চালাচালির জন্য শক্তিশালী মেগাফোন হিসেবে কাজ করে। প্রক্রিয়াটি সামাজিক যোগাযোগমাধ্যমের প্ল্যাটফর্মগুলোকে ষড়যন্ত্রতত্ত্ব এবং ভীতি সৃষ্টিকারী প্রচারণার জন্য উর্বর ক্ষেত্র করে তোলে। এই মাধ্যম প্রাথমিকভাবে ডানপন্থী জনতুষ্টিবাদী রাজনীতিকদের জন্য সমর্থন বাড়ানোর একটি মাধ্যম হিসেবে কাজ করে।

এর ফলে সোজাসাপটা ও আবেগময় স্লোগান দিয়ে জনগণের মন জয় করতে চাওয়া ডানপন্থী জনতুষ্টিবাদীরা সামাজিক যোগাযোগমাধ্যম থেকে বেশি সুবিধা পান। তবে সাম্প্রতিক নির্বাচনের ফলাফল বলছে, শুধু সামাজিক যোগাযোগমাধ্যমের সমর্থন পাওয়াই রাজনৈতিক ক্ষমতা দখলের জন্য যথেষ্ট নয়। মেক্সিকো, স্পেন, গ্রিস, আয়ারল্যান্ড, যুক্তরাজ্য, জাপান ও দক্ষিণ আফ্রিকার মতো দেশে ক্ষমতাসীন বা মূলধারার দলগুলোই জয়ী হয়েছে। যদিও তারা আগের মতো শক্তিশালী নয়, তবু তারা ডানপন্থী জনতুষ্টিবাদীদের চ্যালেঞ্জ মোকাবিলা করে নির্বাচনে টিকে থাকতে পেরেছে।

এটা প্রমাণ করে, জনসমর্থন বা রাজনৈতিক সাফল্য পেতে হলে শুধু সামাজিক যোগাযোগমাধ্যমের প্রচারণা নয়, বরং মাঠপর্যায়ে মানুষের বিশ্বাস অর্জন, কার্যকর নীতি এবং রাজনৈতিক কৌশলের প্রয়োজন হয়। সামাজিক যোগাযোগমাধ্যম একটি হাতিয়ার হতে পারে, কিন্তু এটি মূলধারার রাজনীতির বিকল্প নয়। একটি স্পষ্ট শিক্ষা হলো, সরকারগুলোকে সামাজিক যোগাযোগমাধ্যম আরও কার্যকরভাবে ব্যবহার করতে শেখা উচিত। ভোটারদের উদ্বেগের সঙ্গে সরাসরি সম্পৃক্ত হওয়ার মাধ্যমে এর শুরুটা হতে পারে।

আরেকটি গুরুত্বপূর্ণ শিক্ষা হলো, আস্থা পুনরুদ্ধার করতে হলে নেতাদের অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং নাগরিকদের ক্ষমতায়ন নিয়ে কাজ করা উচিত। ২০২২ সালের একটি গবেষণায় জনতুষ্টিবাদের রাজনৈতিক অর্থনীতি নিয়ে বলা হয়েছে, বেকারত্ব বৃদ্ধি ও সামাজিক খাতে খরচ হ্রাসের মতো অর্থনৈতিক পরিস্থিতি সরকারের প্রতি জনগণের দৃষ্টিভঙ্গিতে গভীর প্রভাব ফেলে। শুধু স্বল্পমেয়াদি অর্থনৈতিক প্রবৃদ্ধি বাড়ানোই যথেষ্ট নয়, রাজনৈতিক নেতাদের উচিত তাদের নাগরিকদের জন্য একটি উন্নত ভবিষ্যৎ কেমন হবে, তা নিয়ে ভাবা।

অনেক রাজনীতিবিদ ও নীতিনির্ধারকের পরিকল্পনা শুধু বার্ষিক বাজেটের মধ্যেই সীমাবদ্ধ থাকে এবং মূলত খরচ কমানোর ওপরেই জোর দেওয়া হয়। তবে বেড়ে যাওয়া খরচ, মহামারি-পরবর্তী কষ্ট এবং নানা কারণে টালমাটাল অবস্থায় পড়া নাগরিকেরা এমন নেতাদের চান যাঁরা তাঁদের আশার আলো দেখাতে পারবেন।

বাজেটের সীমাবদ্ধতাকে জনগণের উন্নত ভবিষ্যৎ তৈরি না করার অজুহাত হিসেবে নেওয়া উচিত নয়। বাস্তবে সবচেয়ে সাহসী সরকারি উদ্যোগগুলো অনেক সময় অর্থনৈতিক সংকটের সময়ই শুরু হয়েছিল। উদাহরণ হিসেবে ১৯৩০-এর দশকে আমেরিকার ফ্রাঙ্কলিন রুজভেল্টের ‘নিউ ডিল’, ব্রিটেনের যুদ্ধোত্তর কল্যাণ রাষ্ট্র, ১৯৫৮-পরবর্তী দুবাইয়ের অবকাঠামোগত উন্নতি এবং ১৯৫৯-পরবর্তী সিঙ্গাপুরের দ্রুত উন্নয়নের কথা বলা যেতে পারে। রাজনৈতিক নেতাদের এই সাহসী উদ্যোগগুলো থেকে অনুপ্রেরণা নিতে হবে এবং তাদের নাগরিকদের হতাশার মূল কারণগুলো সমাধানে আরও বেশি উচ্চাকাঙ্ক্ষী হতে হবে।

***নগায়ার উডস ইউনিভার্সিটি অব অক্সফোর্ডের ব্লাভাটনিক স্কুল অব গভর্নমেন্টের ডিন***
***স্বত্ব: প্রজেক্ট সিন্ডিকেট, অনুবাদ***

## প্রথম নজর

# চুয়াডাঙ্গা হাইস্কুলের হীরক জয়ন্তী বর্ষ পালন

**নিজস্ব প্রতিবেদক ● মেদিনীপুর**



**আপনজন:** মেদিনীপুর সদর ব্লকের চুয়াডাঙ্গা হাইস্কুলের হীরক জয়ন্তী বর্ষ পদার্পণ উৎসবের সূচনা হলো বৃহস্পতিবার। এদিন সকালে অনুষ্ঠান শুরুর আগে এনসিসি প্যারেড সহ একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বিদ্যালয় সংলগ্ন এলাকা পরিক্রমা করে। প্রভাতফেরীর শেষে বিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন প্রধান শিক্ষক শুভেন্দু সিনহা ও বিদ্যালয়ের সভাপতি গণি ইসমাইল মল্লিক। পতাকা উত্তোলন পরে শহীদ বেদীতে এবং বিদ্যালয়ের পাঁচ প্রাণপুরুষের প্রতিকৃতিতে মাল্যদান করা হয়।পরে সমবেত অতিথিদের উপস্থিতিতে প্রদীপ প্রজ্জ্বলনের মধ্য দিয়ে হীরক জয়ন্তী উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন খড়্গপুর গ্রামীণের বিধায়ক দীনেন রায়। সবাইকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন প্রধান শিক্ষক শুভেন্দু সিনহা।প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেদিনীপুর সদর পঞ্চায়েত সমিতির সভাপতি উর্মিলা সাউ,বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পঞ্চায়েত সমিতির শিক্ষা কর্মাধক্ষ্য আলি আকবর,পাঁচখুরি ৬/২ এর গ্রাম পঞ্চায়েত প্রধান রবিউল হোসেন সর্দার,এগারো গ্রাম সমাজ উন্নয়ন পরিষদের সভাপতি সব্যসাচী মন্ডল। এছাড়াও স্থানীয় এলাকার বিশিষ্ট শিক্ষানুরাগী, সমাজসেবী ও জমিদাতা পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন। উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মাতুয়ার মল্লিক,পরিচালন সমিতির সদস্য ইমাদাদুল পাঠান, কামাল হাসান মন্ডল, অনুরুদ্দিন মন্ডল,তপন মাইতি, আজীম আলি খান সহ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মীগণ। ছিলেন প্রাক্তন ছাত্রী ও প্রাক্তন শিক্ষকগণ। উপস্থিত অতিথিবৃন্দ বিদ্যালয়ের অগ্রগতির ভূয়সী প্রশংসা করেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন শিক্ষক অভীক কুমার মাইতি, শিক্ষক মুস্তাক আলী ও শিক্ষক সুদীপ কুমার খাঁড়া। এদিনের অনুষ্ঠান সুষ্ঠু ভাবে সম্পন্ন হওয়ায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানান বিদ্যালয়ের সভাপতি গণি ইসমাইল মল্লিক।

# জাল নোট সহ ধৃত ইন্টারসিটি এক্সপ্রেসে




**নিজস্ব প্রতিবেদক ● হাওড়া**

**আপনজন:** মালদা হাওড়া ইন্টারসিটি এক্সপ্রেস থেকে এক ব্যক্তিকে গ্রেফতার করল পুলিশ। গোপন সূত্রে খবর পেয়ে হাওড়া জিআরপি ও এসটিএফ মুন্না শেখ নামের ওই ব্যক্তিকে গ্রেফতার করে। ধৃতের বিরুদ্ধে ১৭৯/১৮০ ভারতীয় ন্যায় সংহিতা ধারায় মামলা রুজু করা হয়েছে। ধৃতের কাছ থেকে ৮৫ হাজার টাকার জাল নোট উদ্ধার করা হয়েছে। অভিযুক্ত ব্যক্তি ক্যারিয়ারের কাজ করত। এই টাকা কোথা থেকে নিয়ে আসা হচ্ছিল বা কার কাছে পৌঁছানো হচ্ছিল তা জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। বৃহস্পতিবার ধৃতকে হাওড়া আদালতে তোলা হয়। তবে এই জাল পাচার চক্রের সঙ্গে কারা কারা বা কাদের যোগ রয়েছে তা জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। আদালতের কাছে পুলিশ হেফাজতে নেওয়ার জন্য আবেদন করেছে।

# পাইকপাড়ায় ইসলামিক জলসা



**নিজস্ব প্রতিবেদক ● বনগাঁ**

**আপনজন:** উত্তর ২৪ পরগনা জেলার বনগাঁ ব্লকের পাইকপাড়ায় ইসলামিক জলসাকে কেন্দ্র করে অনুষ্ঠিত হলো কেরাত ও গজল প্রতিযোগিতা এবং গুণীজন সংবর্ধনা। এ দিন কেরাত ও গজল প্রতিযোগিতায় প্রায় ৪০ জন শিশু-কিশোর প্রতিযোগী অংশগ্রহণ করে। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান প্রাপকদের হাতে পুরস্কার তুলে দেন পাইকপাড়া বড় মসজিদের ইমাম হাফেজ আমীর হোসেন মণ্ডল, পাইকপাড়া দক্ষিণ পাড়া জামে মসজিদের ইমাম হাফেজ ও কারী মহিউদ্দিন মণ্ডল, সাংবাদিক এম এ হাকিম, ঘাটবাঁওড় গ্রাম পঞ্চায়েতের প্রধান আনিসুর জামান মণ্ডলরা। অনুষ্ঠানে মাওলানা মুফতি নাসিরুদ্দিন চাঁদপুরী, মাওলানা জামাল ফারুক প্রমুখ আলেমরা বক্তব্য রাখেন। এদিনের অনুষ্ঠানে পঞ্চায়েত সদস্য মুস্তাফিজুর রহমান মৃধা, আইনজীবী আবু তাহের মণ্ডল, বিশিষ্ট সমাজসেবী কামারুজ্জামান গাইন, ইরফান তাহের মণ্ডল, রিন্টু গাইন, মাওলানা মুজিবর মোল্লা, আনছার আলী মণ্ডল, নাজমুল আলম মণ্ডল (খোকা), রবিউল সরদার, লোকমান মণ্ডল প্রমুখ উপস্থিত ছিলেন ।

# হাদি ইংলিশ মিডিয়াম স্কুলে বার্ষিক অনুষ্ঠান



**মোহাম্মদ জাকারিয়া ● করণদিঘী**

**আপনজন:** উত্তর দিনাজপুর জেলার করণদিঘী ব্লকের লাহুতাড়া ১ পঞ্চায়েতের অন্তর্গত দুলেহপুরে অবস্থিত নায়াটোলা হাদি ইংলিশ মিডিয়াম স্কুলে বৃহস্পতিবার এক মনোমুগ্ধকর বাৎসরিক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। স্কুল প্রাঙ্গণটি এদিন পরিণত হয়েছিল আনন্দ ও সৃজনশীলতার এক মিলনমেলায়।

অনুষ্ঠানে ছাত্রছাত্রীরা নাচ, গান, কবিতা আবৃত্তি এবং বাংলা ও ইংরেজি ভাষায় বক্তব্য প্রদান করে তাদের প্রতিভার প্রদর্শন করে। এই পারফরম্যান্সগুলিতে তাদের আত্মবিশ্বাস ও দক্ষতার ছাপ স্পষ্টভাবে প্রতিফলিত হয়। স্কুলের কর্ণধার সেরাজুল ইসলাম জানান, তাদের ছাত্রছাত্রীরা শিক্ষার পাশাপাশি সাংস্কৃতিক ক্ষেত্রেও ভাল পারফর্ম করছে।

# মগরাহাটে দুঃস্থদের বস্ত্র বিলি সেলিমের



**মনজুর আলম ● মগরাহাট**

**আপনজন:** তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে ও নতুন বছরের শুভেচ্ছা জানাতে দক্ষিণ ২৪ পরগনার মগরাহাট ২ নম্বর ব্লকের ব্লক সভাপতি সেলিম লস্করের উদ্যোগে প্রায় ৪০০ জন গরিব অসহায়কে মশারি ও শীতবস্ত্র কম্বল গরিবদের হাতে বিতরণ করলেন মগরাহাট দু'নম্বর ব্লকের ব্লক সভাপতি তথা পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি সেলিম লস্কর। ব্লক সভাপতি সেলিম লস্করের অফিসে এই অনুষ্ঠান হয়। উপস্থিত ছিলেন তৃণমূল যুব নেতা খোকন লস্কর।

# দুষ্কৃতীদের হাতে গুলিবিদ্ধ কাউন্সিলর, মুখ্যমন্ত্রীর নির্দেশে দেখতে গেলেন ফিরহাদ

**দেবাশীষ পাল ● মালদা**



**আপনজন:** প্রকাশ্য দিবালোকে চলল গুলি। দুষ্কৃতীদের হাতে গুলিবিদ্ধ মালদার ইংরেজবাজার পৌরসভার ২২নং ওয়ার্ডের কাউন্সিলর তথা জেলা তৃণমূলের সহ সভাপতি দুলাল সরকার। প্রাথমিকভাবে জানা গেছে বৃহস্পতিবার প্রায় সকাল সারে ১০ নাগাত তৃণমূল কংগ্রেসের দলীয় কার্যালয় থেকে বেরিয়ে নিজের প্লাইউডের কারখানার দিকে যাচ্ছিলেন দুলাল সরকার,ইংরেজ বাজারের নিমাসরাই এলাকায়।সেই সময়ই তাঁকে লক্ষ্য করে গুলি চালানো হয় পিছনের দিক থেকে। চারজন দুষ্কৃতী দুটি বাইকে করে আসে বলে এলাকা সুত্রে খবর পিছন থেকে দুলাল সরকারকে লক্ষ করে এলোপাথাড়ি গুলি চালানো হয়।সেই সময় সামনে একটি দোকানে প্রাণে বাচার জন্য দৌড়ে পালায়। তাদের চার জন মুখ ঢাকা অবস্থায় তারা গুলি চালায়,তার মধ্যে গুলি লেগেছে দুলাল সরকারের মাথায় ও কাঁধে দোকান ঘরের মধ্যে লুটিয়ে পরে বলে জানাগিয়েছে ।তরিঘরি উদ্ধার করে তাকে,মালদা মেডিকেল কলেজ নিয়ে আসা হয়।হাসপাতালে অস্ত্রোপচার চলে। তৃণমূল কংগ্রেসের তরফে জানা গিয়েছে দুলাল সরকার মারা গিয়েছে।গোটা ঘটনা ঘিরে যথেষ্ট উত্তেজনার পরিস্থিতি তৈরি হয় এলাকায়। কী কারণে দুলাল সরকারকে লক্ষ্য করে গুলি চালানো হল,খতিয়ে দেখছেন পুলিশ আধিকারিকেরা। অন্য কোনও কারণ আছে কিনা সেটাও খতিয়ে দেখছেন পুলিশের তদন্তকারী আধিকারিকেরা ।ঘটনাস্থলে পৌঁছেছেন পুলিশ ও প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকেরা । গোটা পরিস্থিতি খতিয়ে দেখছেন তাঁরা । এলাকায় কোনও সিসিটিভি রয়েছে কি না, সেটাও খতিয়ে দেখা হচ্ছে। গুলিবিদ্ধ হয়ে প্রয়াত তৃণমূলের সহ-সভাপতি বাবলা ওরফে দুলাল সরকার। এই ঘটনায় সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে ক্ষোভ প্রকাশ করেন দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন নবান্নে সাংবাদিক বৈঠকেও কাউন্সিলরকে শ্যুটআউটের ঘটনায় মুখ খোলেন মুখ্যমন্ত্রী। এদিন নবান্নে প্রশাসনিক বৈঠকে মুখ্যমন্ত্রী জানান, “আজ এসপির অপদার্থতার জন্য আমার কাউন্সিলর খুন হয়ে গেল। তাঁর সিকিউরিটিও তুলে নেওয়া হয়েছিল। আমি ব্যক্তিগতভাবে ওঁকে চিনতাম। আগেও তাঁকে অনেকবার অ্যাটাক করা হয়েছিল। দুর্ভাগ্য আমাদের। বর্ডার আর কালিয়াচক নিয়ে ব্যস্ত থাকলে জেলাক উন্নতি হবে না। ওনাদের নিরাপত্তা দিন।” এরপর মুখ্যমন্ত্রীর নির্দেশে দুষ্কৃতীদের হাতে নিহত মালদার তৃণমূল নেতা বাবলা সরকারকে দেখতে মালদায় যান রাজ্যের পৌর ও নগরোন্নয়ন দপ্তরের মন্ত্রী ফিরহাদ হাকিম। তিনি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে বৃহস্পতিবার চারটা নাগাদ মালদা মেডিক্যাল কলেজ হাসপাতালে যান নিহত তৃণমূল নেতাকে শেষ শ্রদ্ধা জানান এবং নিহত দুলাল সরকারে বাড়িতে যান মন্ত্রী ফিরহাদ হাকিম সহ জেলা নেতা মন্ত্রীরা।

# বিকাশ ভবনে বিক্ষোভ টেট উত্তীর্ণদের



**আপনজন ডেস্ক:** বছরের শুরুতেই পথে নামলেন ২০২২ প্রাথমিক টেট উত্তীর্ন চাকরিপ্রার্থীরা। হাতে প্রতীকী শিকল -তালা নিয়ে স্লোগান উঠলো “২০২২ টেটের নিয়োগ করো নয়তো শিক্ষাদপ্তর বন্ধ করো”। বিকাশভবনের দক্ষিণ গেটে প্রতীকী শিকল -তালা ঝুলিয়ে কয়েকশো চাকরিপ্রার্থী বিক্ষোভ দেখাতে শুরু করেন। পরে পুলিশ এসে তাঁদের আটক করে থানায় নিয়ে যায়। প্রসঙ্গত রাজ্যে ২০১২, ২০১৪ ও ২০১৭ সালের টেট উত্তীর্নদের নিয়ে সর্বশেষ প্রাথমিক শিক্ষক নিয়োগের প্রক্রিয়া হয়েছিল। ২০১৭ সালের পর ২০২২ সালে যে টেট পরীক্ষা হয় তাঁর নিয়োগের প্রক্রিয়া এখনও শুরু করা হয়নি।

# হঠাৎ স্কুলের মিড ডে মিলে ‘হানা’ সাংসদ রচনার, খেয়ে দেখলেন খাবার

**জিয়াউল হক ● চুঁচুড়া**



**আপনজন:** ইংরেজি নববর্ষ উপলক্ষে বৃহস্পতিবার চুঁচুড়ার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে সকলকে শুভেচ্ছা জানালেন হুগলির সাংসদ রচনা বন্দ্যোপাধ্যায়। মহসিন কলেজ থেকে শুরু করে তিনি হুগলি ওমেনস কলেজ, অনুকূলচন্দ্র বিদ্যাপীঠ, গড়বাটি হাই স্কুল এবং শেষে হুগলি জ্যোতিষচন্দ্র বিদ্যাপীঠে যান। হুগলি জ্যোতিষচন্দ্র বিদ্যাপীঠে ঢুকেই সাংসদ মিড ডে মিলের ঘরে প্রবেশ করেন। সেখানে গিয়ে তিনি জানতে চান, শিশুদের জন্য কী ধরনের খাবার রান্না করা হচ্ছে। রান্নার কর্মীদের কাছ থেকে তিনি জানতে পারেন ফুলকপি এবং ভাত রান্না করা হয়েছে। তিনি নিজে একটি স্টিলের থালায় পরিবেশন করা ভাত এবং ফুলকপি হাতে নিয়ে তা চেখে দেখেন। রচনা বন্দ্যোপাধ্যায় বলেন, “খাবার একেবারে ভালো। তেল-মশলা কম হলেও স্বাস্থ্যকর এবং পুষ্টিকর। শরীর ঠিক রাখার জন্য এমন খাবারই প্রয়োজন।”

এই ঘটনাটি মনে করিয়ে দেয় বিজেপি সাংসদ লকেট চট্টোপাধ্যায়ের একটি পুরনো ঘটনা।

তিনি হুগলির সাংসদ হওয়ার পর চুঁচুড়ার বালিকা বানী মন্দির স্কুলে গিয়ে অভিযোগ করেছিলেন যে সেখানে মিড ডে মিলে শুধুমাত্র নুন ভাত পরিবেশন করা হচ্ছে। সেই ঘটনা পরবর্তীতে রাজ্য রাজনীতিতে “নুন-ভাত কাণ্ড” হিসেবে পরিচিতি পায়।

কিন্তু রচনা বন্দ্যোপাধ্যায় এ দিন সেই প্রসঙ্গ তুলে না এনে সরাসরি মিড ডে মিলের খাবারের গুণমান নিয়ে সন্তোষ প্রকাশ করেন। তার বক্তব্য, খাবারে পুষ্টির মান ঠিক রাখতে তেল-মশলা কম রাখা উচিত এবং শিশুদের স্বাস্থ্যের কথা মাথায় রেখেই এই ধরনের খাবার দেওয়া জরুরি।

এ ধরনের হঠাৎ পরিদর্শন ও সরাসরি খাবার পরীক্ষা করার ঘটনা সাধারণ মানুষের মধ্যে সাড়া ফেলে। সাংসদের এই আচরণে মিড ডে মিল কর্মী এবং অভিভাবকদের মধ্যে স্বস্তির বাতাবরণ তৈরি হয়েছে।

# নতুন বছরে বিরোধী দল থেকে তৃণমূলে যোগদান

**সজিবুল ইসলাম ● ডোমকল**



**আপনজন:** মুর্শিদাবাদ জেলার জলঙ্গী ব্লকের দক্ষিণ জোনের তৃণমূল কংগ্রেসের সভাপতি মাসুম আলী আহমেদ এর নেতৃত্বে পয়লা জানুয়ারি সকাল বেলা থেকে একাধিক কর্মসূচির মধ্যদিয়ে দলের প্রতিষ্ঠা দিবস পালন করা হয়। মন ব্লকের দলীয় কার্যালয়ে দলীয় পতাকা উত্তোলন ও পথ চলতি সাধারণ মানুষের হাতে গাছের চারা ও সাদিখান দেয়ার গ্রামীণ হাসপাতালে রোগীদের ফল বিতরণ করা হয়। দলীয় কার্যালয়ে বসে আকো প্রতিযোগিতা মূলক কর্মসূচি হয়। সন্ধ্যায় দলীয় কার্যালয় প্রাঙ্গণে প্রতিষ্ঠা দিবস মঞ্চ করে এলাকার অসহায় দুঃস্থ পড়ুয়াদের আর্থিক সহযোগিতা করা হয় দলের পক্ষ থেকে। পাশাপশি এলাকার বিশিষ্ট ব্যক্তিদের ও কৃষকদের সঙ্গে প্রাক্তন সেনাকর্মীদেরও সংবর্ধনা জানানো হয়। আর সেই মঞ্চেই জাতীয় কংগ্রেসের জলঙ্গি গ্রাম পঞ্চায়েতের সদস্যা রেশমা বিবি সহ কংগ্রেস নেতা কর্মীদের তৃণমূলে যোগদান করেন ব্লক সভাপতি মাসুম আলী আহমেদের হাত ধরে।এদিনের কর্মসূচিতে উপস্থিত ছিলেন ব্লক সভাপতি মাসুম আলী আহমেদ,প্রাক্তন দুই ব্লক সভাপতি রাকিবুল ইসলাম রকি ও মোহিত কুমার দেবনাথ,ব্লক নেতা তুহিন হোসেন, পিনুযার হোসেন,সহ একাধিক ব্লক অঞ্চল নেতৃত্ব গণ। ব্লক সভাপতি মাসুম আলী আহমেদ বলেন, দলের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে একাধিক কর্মসূচির পাশাপাশি বিরোধী দলের পঞ্চায়েত সদস্যা যোগদান করেন। আগামীতে আরো বেশি যোগদান করবে। তিনি আরও বলেন জানুয়ারি মাসের মধ্যেই অভিষেক বন্দ্যোপাধ্যায় এর নামেই ক্রিকেট টুর্নামেন্ট অনুষ্ঠিত করবো আমরা জলঙ্গীতে।

# স্কুলে ভর্তি ফি ২৪০ থেকে বাড়িয়ে ৪০০ টাকা করার প্রতিবাদে বিক্ষোভ

**রঙ্গীলা খাতুন ● বহরমপুর**



**আপনজন:** সরকার অনুমোদিত স্কুলগুলিতে ভর্তি ফি ২৪০ টাকা নির্দিষ্ট করে দিয়েছে সরকার। কিন্তু তার অতিরিক্ত ভর্তি ফি নেওয়া হচ্ছে বলে অভিযোগ তুলে বৃহস্পতিবার বহরমপুরের শিল্পমন্দির উচ্চ বালিকা বিদ্যালয়ে বিক্ষোভ দেখালো বাম ছাত্র সংগঠন এসএফআই। এ দিন শিল্পমন্দির উচ্চ বালিকা বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণিতে ভর্তি হওয়ার দিন ছিল। ওই ভর্তি প্রক্রিয়া শুরুর আগে এসএফআই-এর সদস্যরা স্কুলের মধ্যে ঢুকে প্রধান শিক্ষিকাকে ঘেরাও করে বিক্ষোভ দেখাতে শুরু করে। এসএফআই সদস্যদের অভিযোগ, ষষ্ঠ থেকে সপ্তম শ্রেণিতে ভর্তির জন্য স্কুল কর্তৃপক্ষ ছাত্রীপিছু এক হাজার টাকা করে নিচ্ছে। তার মধ্যে কম্পিউটার ক্লাসের জন্য নেওয়া হচ্ছে ৪০০ টাকা করে। এ ছাড়াও সাফাই কর্মী, নিরাপত্তা রক্ষী, ডায়েরি ও পরিচয়পত্রের জন্য ছাত্রী পিছু ১০০ এবং সরস্বতী পুজোর জন্য ১৫০ টাকা পৃথক ভাবে ছাত্রীদের কাছ থেকে নেওয়া হচ্ছে, যা বেআইনি। ওই স্কুলে কোনও করণিক নেই। এক জন অবসর নিয়েছেন এবং অন্য এক জন করণিক বরখাস্ত হয়ে রয়েছেন। ফলে স্কুল কর্তৃপক্ষ আলাদা করে এক জন করণিক নিয়োগ করেছে, যার বেতন ছাত্রীদের কাছ থেকে নেওয়া হচ্ছে। একই ভাবে, কম্পিউটার খারাপ হয়ে গেলে তা সারানোর জন্য এবং ওই ক্লাসে যে বাতানুকূল যন্ত্র লাগানো হয়েছে, তার জন্য ছাত্রীদের কাছ থেকেই টাকা নেওয়া হচ্ছে। কিন্তু ওই স্কুলে অধিকাংশই ছাত্রী দারিদ্র পরিবারের অভিভাবকদের আর্থিক অবস্থাও ভাল নয়। ফলে ভর্তি ফি হিসেবে মোটা অঙ্কের টাকা আদায়ের কারণে ওই অভিভাবকেরা সঙ্কটের মধ্যে।

# সম্মাননা দিয়ে নয়া ব্যবসার শুরু উমরের



**আসিফ রনি ● মুর্শিদাবাদ**

**আপনজন:** সাংবাদিক, আলেম ও ইমামদের সংবর্ধিত ও সম্মাননার মাধ্যমে ব্যবসা জীবনের নতুন পথচলা শুরু করলেন বিশিষ্ট ব্যবসায়ী উমর আলী।

গণতন্ত্র চতুর্থ স্তম্ভ সংবাদ মাধ্যম। জীবনের বাজি রেখে বিভিন্ন সময় সমাজে ঘটে যাওয়া বিভিন্ন বিষয় তুলে ধরেন নির্ভীক সাংবাদিকরা। অন্যদিকে মসজিদের ইমামগ , যারা সমাজ সংশোধনে নিজেকে নিয়োজিত করে রেখেছেন। তাই মুর্শিদাবাদের মোহাম্মদপুর এলাকার বিশিষ্ট ব্যবসায়ী উমর আলী এই দুই পেশার মানুষদের সংবর্ধিত ও সম্মাননার মাধ্যমে ব্যবসা জীবনের নতুন সূত্রপাত করলেন।

জানা গেছে, উমর আলী দীর্ঘদিন মার্বেলের ব্যবসায় সুপ্রতিষ্ঠিত রঘুনাথগঞ্জের মোহাম্মদপুর এলাকায়। পাশাপাশি নিজেকে সামাজিকভাবে বিভিন্ন কাজকর্মে জড়িতে রেখেছেন। স্থানীয়দের দাবি বিভিন্ন সময়ে মানুষের আপদে বিপদে এগিয়ে যান তিনি। উল্লেখ্য মার্বেল ব্যবসার পাশাপাশি এবার তার নতুন পথচলা শুরু আলিশান সিটির। যেখানে মসজিদ নির্মাণ দায়িত্বভার তুলে নিয়েছেন নিজের কাঁধেই। আর তারই ভিত্তি প্রস্তরের দিন সাংবাদিক ও আলেম সমাজের বহু মানুষকে সঙ্গে নিয়ে এ পথ চলা শুরু করেন তিনি। আপনজন পত্রিকার সাংবাদিকসহ প্রায় ২৫ জন সাংবাদিককে সম্মানিত করেন তিনি।

# সোনালি কাজী তুলে ধরলেন নজরুল জীবনী



**মোল্লা মুয়াজ ইসলাম ● কাটোয়া**

**আপনজন:** শীতের বিকেলে কাটোয়া রবীন্দ্রভবনে বহুবচনের উদ্যোগে অনুষ্ঠিত হল ৩৮তম বর্ষের সাংস্কৃতিক অনুষ্ঠান “শীত দুপুরে ছন্দে সুরে”। তিন দিনের এই অনুষ্ঠান নানা সাংস্কৃতিক কর্মকাণ্ডে সমৃদ্ধ ছিল। বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের নাতনি সোনালি কাজীর উপস্থিতিতে উদ্বোধন হওয়া এই আয়োজন নজরুলের মানবিক বার্তা এবং সংস্কৃতির প্রতি তার অবদানের আলোচনায় সমৃদ্ধ হয়।

অনুষ্ঠানের সূচনা বক্তব্যে বহুবচনের অন্যতম কর্মকর্তা নন্দন সিংহ সুস্থ সংস্কৃতির প্রসার এবং সাম্প্রদায়িক সম্প্রীতির গুরুত্ব নিয়ে বক্তব্য রাখেন। তিনি জানান, বহুবচন প্রতিবছর এই ধরনের অনুষ্ঠান আয়োজন করে। এবারের আয়োজন ১ জানুয়ারি থেকে ৪ জানুয়ারি পর্যন্ত চলবে। প্রথম দিনের আয়োজনে নজরুল-সংকলন থেকে আবৃত্তি ও আলোচনা পরিবেশন করেন নন্দন সিংহ।

সোনালি কাজী বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জীবন, তার সৃষ্টিকর্ম এবং সামাজিক অবদানের বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি বলেন, “নজরুলের লেখা শুধু বিদ্রোহ নয়, সম্প্রীতির বার্তা দিয়ে গিয়েছে। তিনি ইসলামী সংগীত থেকে শ্যামা সংগীত রচনা করে একই বৃন্তে দুটি কুসুমের সংমিশ্রণ ঘটিয়েছেন।”

# ন্যায্য মূল্যে সবজি বিক্রির সূচনা বনগাঁয়

**এম মেহেদী সানি ● বনগাঁ**



**আপনজন:** ইংরেজি নববর্ষের শুরুর দিন থেকেই অভিনব কর্মসূচি সূচনা করলো বনগাঁ পৌরসভা। এবার থেকে বনগাঁ পৌরসভা তার নিজের উদ্যোগে স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদেরকে কাজে লাগিয়ে ন্যায্য মূল্যের সবজির দোকান চালু করতে চলেছে, ইংরেজি নববর্ষের শুরুর দিনেই তা সূচনা হলো । বনগাঁর বিভিন্ন বাজারে দেখা যায় সবজির দাম চড়া সেই বিষয় নিয়ে পদক্ষেপের কথা জানান পৌর প্রধান গোপাল শেঠ । তিনি বলেন, এই ন্যায্য মূল্যের সবজির দোকান চালু হলে পৌর নাগরিকরা সঠিক মূল্যে তাদের প্রয়োজনীয় সবজি ক্রয় করতে পারবেন এবং যে সমস্ত অসাধু ব্যবসায়ীরা চড়া দামে সবজি বিক্রি করে নিজেদের আখের গোছাচ্ছেন তাদেরকে যোগ্য জবাব দেওয়া যাবে ।

১লা জানুয়ারি কল্পতরু উৎসবের আয়োজন করে বনগাঁ পৌরসভা । পৌর প্রধান গোপাল শেঠের সভাপতিত্বে খেলাঘর ময়দানে এই অনুষ্ঠানের আয়োজন করা হয় । এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যসভার সাংসদ মমতা ঠাকুর, পৌর প্রধান গোপাল শেঠ, কৃষ্ণা চক্রবর্তী, নারায়ণ ঘোষ সহ বনগাঁ পৌরসভার অন্যান্য কাউন্সিলররা, বিভিন্ন পৌর আধিকারিক এবং বিশিষ্টজনেরা । এদিনের এই অনুষ্ঠান মঞ্চ থেকে বনগাঁ পৌর এলাকার কৃতি ছাত্র-ছাত্রীদের কে সংবর্ধিত করা হয় বনগাঁ পৌরসভার পক্ষ থেকে । এ দিন বনগাঁ পৌরসভার পৌর প্রধান জানান, বনগাঁ পৌরসভা স্বনির্ভর গোষ্ঠীর মহিলা দ্বারা পরিচালিত পিঠে পুলি উৎসবের আয়োজন করতে চলেছে।

## ছড়িয়ে-ছিটিয়ে

# রাহিমিয়া মাদ্রাসার সুবর্ণ জয়ন্তী পালন



**নিজস্ব প্রতিবেদক ● বহরমপুর**

**আপনজন:** ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে কাঁকসা রাহিমিয়া মাদ্রাসা উচ্চ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হল সুবর্ণ জয়ন্তী উদযাপন অনুষ্ঠান ২০২৪-২০২৫। এই দিনটি উপলক্ষ্যে প্রভাত ফেরি বর্ণাঢ্য শোভাযাত্রা, পতাকা উত্তোলন ও প্রাক্তন প্রধান মন্ত্রী ড: মনমোহন সিংএর মৃত্যুতে নীরবতা পালন করে পতাকা অর্ধনামিত করে অনুষ্ঠানের শুভ সূচনা করা হয়। এই দিনটিতে সকালে স্কুলের ছাত্র-ছাত্রী শিক্ষক ও অভিভাবক সহ প্রাক্তনীদের নিয়ে এই শোভাযাত্রা বের হয়। উপস্থিত ছিলেন মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্রের সাংসদ আবু তাহের খান, শাওনি সিংহ রায়, ঈমানী বিশ্বাস, মোহাম্মদ আনসার আলী, আমিনুল ইসলাম, হাজেরা বিবি, শফিকুল ইসলাম প্রমুখ। স্থানীয় বাসিন্দা ও ছাত্র ছাত্রী অভিভাবক অভিভাবিককারা সুবর্ণ জয়ন্তী বর্ষ পালনের উদ্যোগকে সাধুবাদ জানিয়েছে।

# তৃণমূলের প্রতিষ্ঠা দিবসে শীতবস্ত্র প্রদান



**মনিরুজ্জামান ● বারাসত**

**আপনজন:** তৃণমূল কংগ্রেসের ২৮ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে উত্তর ২৪ পরগনার দেগঙ্গা ব্লকের সোহাই শ্বেতপুর অঞ্চল তৃণমূল কংগ্রেস দলের প্রতিষ্ঠা দিবস পালনের সঙ্গে সঙ্গে দুঃস্থ ও অসহায় মানুষ এবং ছাত্রছাত্রীদের শীতবস্ত্র প্রদান এবং রোগীদের মধ্যে ফল বিতরণ করে। এই অনুষ্ঠানে উপস্থিত হয়ে উত্তর ২৪ পরগনা জেলা পরিষদের কর্মাধ্যক্ষ মফিদুল হক সাহাজি বলেন, মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশ মতো আমাদের সব স্তরের জন প্রতিনিধি ও কর্মীদের আরও বেশি করে বিনয়ী হতে হবে। মানুষের পাশে থাকতে হবে। উপস্থিত ছিলেন জেলা পরিষদ সদস্যা ঊষা দাস, পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ রবিউল ইসলাম মুকুল,অঞ্চল তৃণমূল কংগ্রেস সভাপতি ওজিদুল হক সাহাজি,জলধর মন্ডল, মফিজুল ইসলাম সহ আরও অনেকে। ৬০ জনকে শীতবস্ত্র প্রদান করা হয়।

# বগডহরা হাই মাদ্রাসায় বই উৎসব



**আব্দুস সামাদ মন্ডল ● বাঁকুড়া**

**আপনজন:** বৃহস্পতিবার নতুন বছরের দ্বিতীয় দিনটি উদ্ভাসিত হয়েছিল ক্ষুদে শিক্ষার্থীদের হাসির আলোয়। পঞ্চম থেকে দশম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে পাঠ্যবই বিতরণ করা হয় বগডহরা সিদ্দিকীয়া হাই মাদ্রাসায় (উচ্চ মাধ্যমিক)। এদিন তবে পরে একাদশ দ্বাদশ শ্রেণীদেরও দেওয়া হবে বলে জানান মাদ্রাসা কর্তৃপক্ষ।

উৎসবমুখর পরিবেশে সর্বস্তরের শিশু-কিশোর শিক্ষার্থীরা বছরের প্রথমদিনে পাঠ্যপুস্তক উৎসবে শামিল হয়েছিল। মাদ্রাসার প্রধান শিক্ষক মিরাজুল ইসলাম বলেন শিক্ষায় জাতীর মেরুদন্ড তাই শিক্ষা ছাড়া কোন উপায় নেই।

মাদ্রাসার সহপ্রধান শিক্ষক লিয়াকত বলেন, আমাদের মাদ্রাসায় মাধ্যমিক পর্যান্ত ১৭০০ (সতেরো শত) এর বেশি পাঠ্য পুস্তক বিতরণ করা হবে।

# ভাইরাসও কাবু করতে পারেনি আর্সেনালকে



**আপনজন ডেস্ক:** জিটেক কমিউনিটি স্টেডিয়ামে নামার আগেই অদৃশ্য এক প্রতিপক্ষের মুখোমুখি হয়েছিল আর্সেনাল। ভাইরাস! অসুস্থতায় ভুগেছেন বেশ কয়েকজন খেলোয়াড়। জার্মান ফরোয়ার্ড কাই হাভার্টজকে তো না খেলে বাড়ি ফিরতে হয়েছে সে জন্য। মিডফিল্ডার ডেকলান রাইসও সুস্থ ছিলেন না। মাঠে নেমেছেন দ্বিতীয়ার্ধে। অধিনায়ক মার্টিন ওডেগার্ডও অসুস্থতায় ভুগেছেন। একাদশের হয়ে নামলেও ব্রেন্টফোর্ডের প্রথম গোলে তাঁর ভুলটা চোখে পড়েছে সবারই। সব মিলিয়ে একেবারে এলোমেলো অবস্থা। তবে আশাও ছিল। ২০২৩ সাল থেকে ইংলিশ প্রিমিয়ার লিগে লন্ডনের কোনো ক্লাবের কাছে হারে না আর্সেনাল। পশ্চিম লন্ডনের ক্লাবটির মাঠে তাই জয় না হোক, অন্তত পয়েন্ট ভাগাভাগির আশায় ছিলেন গানার সমর্থকেরা। যেহেতু ভাইরাসের সঙ্গে লড়তে হচ্ছে একাদশকে, তাই মাঠের লড়াইয়ে এর চেয়ে বেশি আর কী আশা করা যায়। কিন্তু সে আশাও মুছে যাওয়ার উপক্রম হয় ১৩ মিনিটে ব্রেন্টফোর্ড ফরোয়ার্ড ব্রায়ান এমবুয়েমোর গোলের পর। নতুন বছরের প্রথম ম্যাচেই হারতে না হয়! নাহ, শেষ পর্যন্ত তা আর হয়নি। প্রথমার্ধে গ্যাব্রিয়েল জেসুস ও বিরতির পর গ্যাব্রিয়েল মার্তিনেল্লি ও মিকেল মেরিনোর গোলে ৩-১ গোলের জয়ে ব্রেন্টফোর্ডের মাঠ ছেড়েছে আর্সেনাল। ১৯ ম্যাচে ৩৯ পয়েন্ট নিয়ে দুইয়ে আর্সেনাল। তাদের চেয়ে এক ম্যাচ কম খেলে ৪৫ পয়েন্ট নিয়ে শীর্ষে লিভারপুল। আর্সেনালের সমান ম্যাচে ৩৭ পয়েন্ট নিয়ে তৃতীয় নটিংহাম ফরেস্ট। জয়ের পর ভাইরাসের আক্রমণ নিয়ে আর্সেনাল কোচ আরতেতা বলেন, ‘এটা মাঠে এবং মাঠের বাইরে খেলোয়াড়দের ওপর প্রভাব ফেলেছে। ব্যাপার তেমন মারাত্মক কিছু না, তবে পরিস্থিতি একদম আদর্শও ছিল না। কাইয়ের লক্ষণ যেমন স্পষ্ট বোঝা যাচ্ছিল, তাই তাকে গাড়িতে তুলে দিয়ে লন্ডনে (বাড়িতে) পাঠিয়ে দেওয়া হয়েছে। তবে এমন হতেই পারে। সংক্রমণ কিংবা ভাইরাসের আক্রমণ।’ শনিবার ব্রাইটনের মুখোমুখি হবে আর্সেনাল। আরতেতার আশা, দল এর আগেই ভাইরাস-মুক্ত হবে।

# কুশল পেরেরার ব্যাটে রেকর্ড ভাঙা সেঞ্চুরি, ২০২৫ সালের প্রথম ম্যাচে শ্রীলঙ্কার জয়



**আপনজন ডেস্ক:** ২০২৫ সালের প্রথম আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচ। নিউজিল্যান্ডের নেলসনে সেই টি-টোয়েন্টি ম্যাচে কুশল পেরেরার রেকর্ড ভাঙা সেঞ্চুরিতে জয় পেয়েছে শ্রীলঙ্কা। প্রথম দুই ম্যাচ হেরেই সিরিজ খোয়ানো শ্রীলঙ্কা আনুষ্ঠানিকতার তৃতীয় ম্যাচটি জিতেছে ৭ রানে। ২০০৬ সালের পর নিউজিল্যান্ডে মাটিতে টি-টোয়েন্টিতে এটি শ্রীলঙ্কার প্রথম জয়।

৪৪ বল সেঞ্চুরি করেছেন কুশল পেরেরা। আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে নিজের প্রথম সেঞ্চুরিটি তাঁকে এই সংস্করণে শ্রীলঙ্কার দ্রুততম সেঞ্চুরিয়ান বানিয়ে দিয়েছে। কুশল পেরেরা ভাঙলেন তিলকরত্নে দিলশানের রেকর্ড। ২০১১ সালে পাল্লেকেলেতে অস্ট্রেলিয়ার বিপক্ষে ৫৫ বলে সেঞ্চুরি করেছিলেন দিলশান। শ্রীলঙ্কার প্রথম ব্যাটসম্যান হিসেবে আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে ৫০ বলের কমে সেঞ্চুরি পেয়েছেন কুশল পেরেরা। ২ হাজার রানের মাইলফলকেও প্রথম তিনি।

৪৬ বলে ১০১ রান করার পথে কুশল পেরেরা শ্রীলঙ্কার প্রথম ব্যাটসম্যান হিসেবে আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে ২ হাজার রানের মাইলফলকও ছুঁয়েছেন। তাঁর ১৩ চার ও ৪ ছক্কার ইনিংস ছাড়া শ্রীলঙ্কার হয়ে বলার মতো রান পেয়েছেন অধিনায়ক চারিত আসালাঙ্কা (২৪ বলে ৫ ছক্কায় ৪৬) ও ওপেনার কুশল মেন্ডিস (১৬ বলে ২২)। শ্রীলঙ্কা থামে ৫ উইকেটে ২১৮ রানে।

রান তাড়ায় নিউজিল্যান্ডকে উড়ন্ত সূচনা এনে দিয়েছিলেন টিম রবিনসন (২১ বলে ৩৭) ও রাচিন রবীন্দ্র (৩৯ বলে ৬৯)। উদ্বোধনী জুটিতে ৭.২ ওভারেই ৮১ রান করেন দুজন। বিনুরা ফার্নান্ডো রবিনসনকে ফেরানোর পরেই আস্কিং রেটের সঙ্গে দৌড়ে পিছিয়ে পড়তে থাকে কিউইরা।

এরপর ড্যারিল মিচেলের ১৭ বলে ৩৫ ও নয়ে নামা জাকারি ফুকসের ১২ বলে ২১ রানের ইনিংস ছাড়া ভালো করেননি অন্য কেউ। ফল, ৭ উইকেটে ২১১ রান করে ৭ রানের হার।

শেষ ওভারে নিউজিল্যান্ডের দরকার ছিল ২২ রান। ফার্নান্ডোর করার ওভারের চতুর্থ বলে ছক্কা মেরে ২ বলে ১০ রানের নামিয়ে এনেছিলেন ফুকস। তবে শেষ দুই বলে ২ রানই তুলতে পারে নিউজিল্যান্ড।

**সংক্ষিপ্ত স্কোর**

শ্রীলঙ্কা: ২০ ওভারে ২১৮/৫ (কুশল পেরেরা ১০১, আসালাঙ্কা ৪৬, কুশল মেন্ডিস ২২; মিচেল ১/৬)।

নিউজিল্যান্ড: ২০ ওভারে ২১১/৭ (রবীন্দ্র ৬৯, রবিনসন ৩৭, মিচেল ৩৫, ফুকস ২১*; আসালাঙ্কা ৩/৫০, হাসারাঙ্গা ২/৩৮)।

ফল: শ্রীলঙ্কা ৭ রানে জয়ী।

সিরিজ: ৩-ম্যাচ সিরিজে নিউজিল্যান্ড ২-১ এ জয়ী।

ম্যান অব দ্য ম্যাচ: কুশল পেরেরা।


ম্যান অব দ্য সিরিজ: জ্যাকব ডাফি

# আর্থিক কেলেঙ্কারির অভিযোগে শুবমান গিলকে তলব সিআইডির

**আপনজন ডেস্ক:** আর্থিক কেলেঙ্কারিতে জড়িত থাকার অভিযোগে ভারতীয় দলের টপ অর্ডার ব্যাটসম্যান ও আইপিএল ফ্র্যাঞ্চাইজি গুজরাট টাইটানসের অধিনায়ক শুবমান গিলকে তলব করেছে গুজরাটের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)।

গুজরাটভিত্তিক পত্রিকা আহমেদাবাদ মিরর এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। গিল ছাড়াও তাঁর তিন সতীর্থ সাই সুদর্শন, মোহিত শর্মা ও রাহুল তেওয়াতিয়াকে সমন জারি করা হয়েছে। মোহিত ভারতের হয়ে ৩৪টি ও সুদর্শন ৪টি ম্যাচ খেলেছেন। তেওয়াতিয়া কখনো জাতীয় দলে খেলেননি।

আহমেদাবাদ মিররের প্রতিবেদন অনুযায়ী, বিজেড ফিন্যান্সিয়াল সার্ভিসেস নামের এক আর্থিক পরিষেবা কোম্পানিতে বিপুল অর্থ বিনিয়োগ করেছিলেন গিল, সুদর্শন, মোহিত ও তেওয়াতিয়া। গিলের বিনিয়োগের পরিমাণ সবচেয়ে বেশি–১ কোটি ৯৫ লাখ রুপি। অন্য তিনজনের বিনিয়োগ ১০ লাখ থেকে ১ কোটি রুপির মধ্যে। পরে দেখা যায়, বিজেড ফিন্যান্সিয়াল সার্ভিসেস একটি পনজি স্কিম চালায়। অর্থাৎ এটি এক ধরনের কূটকৌশল, যেখানে নতুন বিনিয়োগকারীদের কাছ থেকে আদায় করা অর্থ পুরোনো বিনিয়োগকারীদের ফিরিয়ে দেওয়া হয়। বিজেড ফিন্যান্সিয়াল সার্ভিসেস জনসাধারণকে ব্যাংকের চেয়ে ভালো সুদহার দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিল। কিন্তু বিনিয়োগকারীরা বুঝতে পারেন, কোম্পানিটির প্রতিশ্রুতিগুলো মিথ্যা এবং তাঁদের সঙ্গে প্রতারণা করা হচ্ছে। এ নিয়ে তাঁরা পুলিশের কাছে অভিযোগ জানান।



*শুবমান গিল*



*অভিযুক্ত ভূপেন্দ্রসিং জালা*

গুজরাটের অপরাধ তদন্ত বিভাগ প্রাথমিকভাবে অভিযোগের সত্যতা খুঁজে পায় এবং সম্প্রতি বিজেড ফিন্যান্সিয়াল সার্ভিসেসের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) ভূপেন্দ্রসিং জালাকে গ্রেপ্তার করে। প্রাথমিক প্রতিবেদনে সিআইডি জানায়, ভূপেন্দ্রসিং জালা ৬০০ কোটি রুপি জালিয়াতি করেছেন। পরে জালিয়াতি অঙ্কটা কমিয়ে বলা হয় ৪৫০ কোটি রুপি।

ভূপেন্দ্রসিংকে গ্রেপ্তারের পর তিনি সিআইডিকে গিল, সুদর্শন, মোহিত ও তেওয়াতিয়ার নাম বলেন। এ ছাড়া জানান, গুজরাট টাইটানসের ওই চার ক্রিকেটারের বিনিয়োগ করা অর্থ এখনো ফেরত দেননি। এ ব্যাপারে গুজরাট সিআইডির এক কর্মকর্তা আহমেদাবাদ মিররকে বলেছেন, ‘দোষী প্রমাণিত হলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। আমরা হিসাবরক্ষকদের একটি দল প্রস্তুত করেছি। তাঁরা ভূপেন্দ্রসিং জালার হিসাবের বই ও লেনদেন তদন্ত করে দেখবেন। বইটি সিআইডি কর্মকর্তারা হেফাজতে নিয়েছেন। সোমবার থেকে বিভিন্ন স্থানে লাগাতার অভিযান চালানো হচ্ছে।’ আহমেদাবাদ মিরর আরও জানিয়েছে, চার ক্রিকেটারকেই ডেকে পাঠাবে সিআইডি। বোর্ডার-গাভাস্কার ট্রফি খেলতে গিল বর্তমানে অস্ট্রেলিয়ায় অবস্থান করছেন। তবে সুদর্শন, মোহিত ও তেওয়াতিয়া ভারতেই আছেন। সিআইডির আশা, তাঁরা গুজরাটে গিয়ে তদন্তে সহায়তা করবেন।



*শুবমান গিলের তিন সতীর্থ (বাঁ থেকে) সাই সুদর্শন, মোহিত শর্মা ও রাহুল তেওয়াটিয়াকেও তলব করেছে সিআইডি*

# শীতকালীন মালক্ষ্মী-অন্নপূর্ণা দৌড়



**সুভাষ চন্দ্র দাশ ● ক্যানিং**

**আপনজন:** চলছে উত্তরের হিমেল হাওয়া। শীতের দাপটও।অভিনব শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হল সুন্দরবনের বাসন্তীতে। সমাজসেবী তথা সুন্দরবনের কবি ফারুক আহমেদ সরদারের উদ্যোগে বৃহস্পতিবার বিকালে দক্ষিণ ২৪ পরগনার বাসন্তী ব্লকের আমঝাড়া পঞ্চায়েতের তালদা গ্রামের শিকারি পাড়ায় অনুষ্ঠিত হল ‘মালক্ষ্মী-অন্নপূর্ণা দৌড় প্রতিযোগিতা’। গ্রাম্য বধুদের নিয়ে এমন অভিনব দৌড় প্রতিযোগিতায় এলাকার গৃহবধু লিপিকা গায়েন, শংকরী মিস্ত্রি, রিনা সরকার, সোমা গায়েন, সন্ধ্যা সরকার সহ প্রতিযোগিতায় ৫০ জন বধু অংশগ্রহণ করেন। দৌড় প্রতিযোগিতা শেষে পুরস্কার স্বরুপ ৫০ জন মালক্ষ্মী-অন্নপূর্ণাদের হাতে তুলে দেওয়া হয় ৫ রকম ফল ও ৫ রকম শীতকালিন সবজি। আয়োজক সমাজসেবী তথা সুন্দরবনের কবি ফারুক আহমেদ সরদার জানিয়েছে, ‘গ্রামের মালক্ষ্মী অন্নপূর্ণা’রা সবসময় বাড়ির কাজে ব্যস্ত থাকেন, সংসার সামলানোর জন্য। পাশাপাশি বাড়ির বয়স্ক মায়েরা শীতকালে গুটিসুটি মেরে বাড়িতেই সময় কাটান।শারীরিক সুস্থতার জন্য তাঁদের কে একত্রিত করে আনন্দ দিতে এমন অভিনব প্রতিযোগিতার আয়োজন। তাছাড়া পুরস্কার স্বরুপ যে সমস্ত ফল এবং সবজি দেওয়া হয়েছে তা সংসারের কাজে লাগবে। ’

# সিডনি টেস্টে নিজেকেই বাদ দিলেন অধিনায়ক রোহিত!



**আপনজন ডেস্ক:** গুঞ্জন ছিল। শেষ পর্যন্ত সেটাই সত্যি হয়েছে।

ভারতীয় সংবাদমাধ্যম ইন্ডিয়ান এক্সপ্রেস জানিয়েছে, আগামীকাল শুরু সিডনি টেস্টের একাদশে থাকছেন না ভারত অধিনায়ক।

ব্যাট হাতে বাজে ফর্মের মধ্যে থাকা রোহিত অব্যাহত সমালোচনার মধ্যে নিজেকেই একাদশ থেকে বাদ দিয়েছেন। রোহিতের বদলে অস্ট্রেলিয়ার বিপক্ষে সিরিজের পঞ্চম ও শেষ টেস্টে ভারতকে নেতৃত্ব দেবেন সহ অধিনায়ক যশপ্রীত বুমরা।

ফাস্ট বোলার বুমরা এর আগে পার্থে সিরিজের প্রথম টেস্টেও অধিনায়কত্ব করেছিলেন। এখন পর্যন্ত হওয়া চার টেস্টের মধ্যে ভারত ওই একটি ম্যাচই জিতেছিল।

সিরিজ শুরুর ম্যাচে রোহিত ছিলেন না পারিবারিক কারণে অস্ট্রেলিয়ায় দেরিতে পৌঁছানোয়। শেষ টেস্টে থাকছেন না নিজের সিদ্ধান্তেই।

এমন কিছুই যে হতে যাচ্ছে, সেই ইঙ্গিত পাওয়া গিয়েছিল সকালে ভারতের প্রধান কোচ গৌতম গম্ভীরের সংবাদ সম্মেলনেই। একাদশ নির্বাচনে অধিনায়কের নামটাই যেখানে আগে লেখা প্রচলিত নিয়ম, সেখানে তিনি রোহিত সিডনিতে খেলবেন কি না সেটাই নিশ্চিত করেননি।

বোর্ডার-গাভাস্কার সিরিজের শুরু থেকেই রোহিতের বাদ পড়া নিয়ে আলোচনা ছিল। কারণও ছিল বটে। ২০২৪ সালেই টেস্ট ক্যারিয়ারের সবচেয়ে খারাপ বছর কাটিয়েছেন রোহিত। ১৪ টেস্টে রান করেছিলেন ৬১৯, গড় ২৪.৭৬। অস্ট্রেলিয়া সফরে ৩ টেস্টে করেছেন মোট ৩১।

ইন্ডিয়ান এক্সপ্রেস জানিয়েছে, রোহিত তাঁর সিদ্ধান্তের কথা কোচ গম্ভীর ও নির্বাচক অজিত আগারকারকে জানিয়ে দিয়েছেন। এই দুজনও তাঁর সিদ্ধান্ত মেনে নিয়েছেন।


সংবাদমাধ্যমটি জানিয়েছে, সর্বশেষ মেলবোর্ন টেস্টই হতে পারে ভারতের জার্সিতে রোহিতের শেষ টেস্ট। ভারত যদি আইসিসি টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে ওঠে তাহলে তাঁকে দলে বিবেচনা করা হবে কি না সেটা অনিশ্চিত।

সর্বশেষ মেলবোর্ন টেস্টই হতে পারে ভারতের জার্সিতে রোহিতের শেষ টেস্ট। ভারত যদি আইসিসি টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে ওঠে তাহলে তাঁকে দলে বিবেচনা করা হবে কি না সেটা অনিশ্চিত। যদিও ফাইনাল খেলা এখন ভারতের জন্য বেশ কঠিনই বটে। কারণ, সিডনিতে সিরিজের শেষ টেস্টে অস্ট্রেলিয়াকে হারাতে না পারলে ফাইনালের দৌড় থেকে ছিটকে পড়বে ভারত। আবার এই টেস্ট জিতলেও অস্ট্রেলিয়ার-শ্রীলঙ্কা সিরিজের দিকে তাকিয়ে থাকতে হবে। আশা করতে হবে অস্ট্রেলিয়া যেন একটি ম্যাচও না জেতে।

সিডনিতে রোহিতের না খেলার সঙ্গে তুলনা হতে পারে ইংল্যান্ডের সাবেক অধিনায়ক মাইক ডেনিসের। ১৯৭৪-৭৫ অ্যাশেজে বাজে পারফরম্যান্সের কারণ সিরিজের চতুর্থ টেস্টে নিজেকেই দলে রাখেননি ডেনিস। মজার ব্যাপার হলো, সেটিও ছিল সিডনিতেই।

আগামীকাল সিডনিতে বোর্ডার-গাভাস্কার ট্রফির পঞ্চম ও শেষ টেস্ট শুরু হবে ভোর সাড়ে ৫টায়। মেলবোর্নে ১৮৪ রানের জয়ে টেস্ট সিরিজে আপাতত ২-১ ব্যবধানে এগিয়ে অস্ট্রেলিয়া।

# চরম অর্থ সংকটে বিনোদ কাম্বলি




**আপনজন ডেস্ক:** ৬ মাস ধরে নিজস্ব মোবাইল ফোন নেই। আইফোন ব্যবহার করতেন। কিন্তু সেই ফোন সারানোর জন্য ১৫,০০০ টাকা দিতে পারেননি। এই কারণে সংশ্লিষ্ট দোকানদার ফোন কেড়ে নিয়েছেন। এমনই আর্থিক অবস্থা, এবার হয়তো বাড়ি ছেড়ে পথে বসবেন ভারতীয় দলের প্রাক্তন ব্যাটার বিনোদ কাম্বলি। তিনি সপরিবারে যে হাউসিং সোসাইটিতে থাকেন, সেখানে রক্ষণাবেক্ষণের খরচ দিতে পারছেন না। ১৮ লক্ষ টাকা বকেয়া। এই টাকা দিতে না পারলে বাড়ি থেকে বের করে দেওয়া হতে পারে। সব হারিয়ে কার্যত পথের ভিখারি হতে চলেছেন এই বিখ্যাত ক্রিকেটার। অসংযমী জীবনযাপনের জন্যই তাঁর এই অবস্থা হয়েছে।

ছোটবেলার বন্ধু তথা একসময় জাতীয় দলের সতীর্থ সচিন তেন্ডুলকর চাকরি জোগাড় করে দিয়েছিলেন। কিন্তু সেই চাকরি ছেড়ে দেন কাম্বলি। তিনি জানিয়েছেন, সচিন এখনও অনেক সাহায্য করেন। কিন্তু তারপরেও সুপথে আসতে পারেননি কাম্বলি। এই কারণেই তিনি সবদিক থেকেই শেষ হয়ে যেতে চলেছেন।

হঠাৎ অসুস্থ হয়ে পড়ায় কয়েকদিন আগে মহারাষ্ট্রের থানের এক বেসরকারি হাসপাতালে ভর্তি হন কাম্বলি। তাঁর মস্তিষ্কে রক্ত জমাট বেঁধেছিল। এই প্রাক্তন ক্রিকেটারের মূত্রনালিতে সংক্রমণও হয়েছিল। বুধবার বিকেলে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন তিনি। প্রায় দু’সপ্তাহ তাঁকে হাসপাতালে কাটাতে হয়েছে। প্রথমে মূত্রনালিতে সংক্রমণের সমস্যা ছিল। কিন্তু হাসপাতালে ভর্তি হওয়ার পর চিকিৎসকরা জানান, মস্তিষ্কে রক্ত জমাট বেঁধেছে। এই কারণেই বেশ কিছুদিন তাঁকে হাসপাতালে থাকতে হল।

জাতীয় দলের প্রাক্তন ক্রিকেটার হিসেবে বিসিসিআই-এর কাছ থেকে প্রতি মাসে ৩০,০০০ টাকা




# ওয়ার্ল্ড ক্যারাটে চ্যাম্পিয়নশিপে একাধিক পুরস্কার জিতল দক্ষিণ ২৪ পরগনার ছেলেমেয়েরা



**চন্দনা বন্দ্যোপাধ্যায় ● জয়নগর**

**আপনজন:** বর্তমান সময়ে নিজেদের আত্মরক্ষা নিজেদের করা উচিত। তাঁর জন্য প্রয়োজন ক্যারাটের প্রশিক্ষন নেওয়া।আর বর্তমানে বহু ছেলে মেয়েরা এগিয়ে আসছে এই ক্যারাটের প্রশিক্ষন নিতে। আর এবার স্পোর্টস ক্যারাটের আন্তর্জাতিক প্রতিযোগিতায় বড় সাফল্য পেল দক্ষিণ ২৪ পরগনার ছেলে-মেয়েরা। সম্প্রতি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ওট স্টেডিয়ামে অনুষ্ঠিত হওয়া এই প্রতিযোগিতায় জেলার প্রতিযোগীরা জিতে নেন ১৭টি সোনা, ৩টি রুপো ও ১টি ব্রোঞ্জ ও। এক বেসরকারি ক্রীড়া সংস্থার উদ্যোগে এক দিনের এই ‘ওয়ার্ল্ড ক্যারাটে চ্যাম্পিয়নশিপ’-এর এই আয়োজন করা হয়েছিল। উদ্যোক্তারা জানান, সব মিলিয়ে প্রায় ৬০০ প্রতিযোগী এতে অংশ গ্রহণ করেন। বাংলার পাশাপাশি শ্রীলঙ্কা, বাংলাদেশ, নেপাল, ভুটান থেকে ও প্রতিযোগীরা এসেছিলেন। এ ছাড়াও ছিলেন ভারতের ১১টি রাজ্যের প্রতিযোগীরা। কাতা ও কুমিতে–স্পোর্টস ক্যারাটের এই দু’টি বিভাগেই প্রতিযোগিতা হয়। দক্ষিণ ২৪ পরগনা থেকে যোগ দেন ১১জন প্রতিযোগী। ক্যারাটের জাতীয় কোচ দেবব্রত হালদারের তত্ত্বাবধানে প্রতিযোগিতায় অংশ নেন তাঁরা। এ ব্যাপারে কোচ দেবব্রত হালদার বলেন,বিদেশ ও দেশের অন্য প্রান্তের প্রতিযোগি দের সঙ্গে সমানে টক্কর দেন দ:২৪ পরগনার ছেলে মেয়েরা। জুনিয়র ও সিনিয়র মিলিয়ে ৬ জন দু’টি বিভাগেই সোনা জিতেছেন।জুনিয়র বিভাগে কাতা ও কুমিতে দু’টি বিভাগেই সোনা জিতেছে নৌসিন মোল্লা, তামান্না রায় চৌধুরী, আরশিয়া গাজি ও সাকিল সরদার। সিনিয়র বিভাগে দু’টি করে সোনা জিতেছে মমতাজ সর্দার ও বাবাই কর্মকার। কেবল মাত্র কাতা বিভাগে নেমে সোনা জিতেছে রাহিদা মোল্লা। এ ছাড়াও একটি করে সোনা ও একটি করে রুপো জিতেছে ঋদ্ধিমা দাস, রোশনি মণ্ডল ও সৃজনী সর্দার। একটি সোনা ও একটি ব্রোঞ্জ জিতেছে ভূমি সাহা। আর তাদের এই সাফল্যে খুশি দ:২৪ পরগনার ক্রীড়া প্রেমী মানুষজন।

# শচীন টেন্ডুলকারের নামে ক্রিকেট একাডেমীর শুভ উদ্বোধনে বিধায়কসহ বিশিষ্ট খেলোয়াড়রা



**এহসানুল হক ● বসিরহাট**

**আপনজন:** বসিরহাট থেকে অনেক ফুটবলার উঠে এসেছে উঠে এসেছে দীপেন্দু বিশ্বাস সহ একাধিক ফুটবলাররা। এবার ক্রিকেট নিয়েই নতুন স্বপ্ন দেখাচ্ছে বসিরহাট পৌরসভার অন্তর্গত 14 নম্বর ওয়ার্ড। ১৪ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর ভাস্কর মিত্রের উদ্যোগে উদ্বোধন হলো শচীন টেন্ডুলকার নামে ক্রিকেট একাডেমী। বৃহস্পতিবার বিকালে ফিতে কেটে শুভ সূচনা করেন ভবানীপুর অভিযাত্রী সংঘের মাঠ থেকে বসিরহাট দক্ষিণ বিধানসভার বিধায়ক ডক্টর সপ্তসী ব্যানার্জি, ছিলেন উদ্দীপন মুখার্জি (কোচ ও ক্রিকেটার), গৌতম রঘুবংশী (ক্রিকেটার মুম্বাই রঞ্জি দলের), তপন মাইতি (কোচ ও মোহনবাগান ফুটবল টিমের প্রাক্তন প্লেয়ার), বসিরহাট পৌরসভার ভাইস চেয়ারম্যান সুবীর সরকার,বসিরহাট ১৭ নম্বর ওয়ার্ডের সিআইসি মেম্বার ইয়াকুব আলী খান সহ একাধিক বিশিষ্ট জনেরা। এদিন কাউন্সিলর ভাস্কর মিত্র বলেন, আমি চাই খেলার মাঠে খেলা হোক, বসিরহাট থেকেই যেমন ফুটবলাররা উঠে এসেছে। ঠিক তেমনি বসিরহাট থেকে ক্রিকেটার উঠে এসে বসিরহাটের নাম উজ্জ্বল করুক। বসিরহাট একটা প্রতিভার জায়গা, তাই আমরা চেষ্টা করেছি ভবানীপুর অভিযাত্রীর সংঘ ক্লাবের সহযোগিতায় এখানে একটি ক্রিকেট একাডেমীর ব্যবস্থা করতে পেরে খুশি। বিধায়ক ডক্টর সপ্তসী ব্যানার্জি বলেন, এটা খুব ভালো উদ্যোগ, আমার খুব ভালো লেগেছে। বসিরহাট ফুটবলের জায়গা বহু ফুটবলার এখান থেকে উঠে এসেছে। ক্রিকেট নিয়ে ভাবনা। এই ভাবনা আর বড় হোক, বসিরহাট থেকেই আরো প্রতিভাবান ক্রিকেটাররা উঠে আসুক।




মুদ্রক, প্রকাশক ও স্বত্বাধিকারী জাইদুল হক কর্তৃক ৯৪/২ কলিন স্ট্রিট, কলকাতা-৭০০০১৬ থেকে প্রকাশিত ও সমর প্রিন্টেক, ২৯ তপসিয়া রোড সাউথ, কলকাতা-৭০০০৪৬ থেকে মুদ্রিত। **সম্পাদকীয় দফতর:** আপনজন পাবলিকেশন, ৬ কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬। সম্পাদক: **জাইদুল হক।**
Printed, Published and owned by Zaidul Haque, Published from 94/2 Collin Street, Kolkata-700016, Printed at Samar Printech, 29 Topsia Road South, Kolkata-700046. **Editorial Office:** 6 Kyd Street, Kolkata-700016. M: 9748892902 **Editor: Zaidul Haque**